# ম্যানহাটন (Manhattan)

ডিস্ট্রিক্ট 1–10

**আগাম ভোট দান**
28 অক্টোবর – 5 নভেম্বর

**নির্বাচনের দিন**
7 নভেম্বর

# 2023 NYC সাধারণ নির্বাচন

# ভোটার গাইড

ভোটপ্রদান সহজ করা হয়েছে
nycvotes.org/bn

NYC VOTES
নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফাইন্যান্স বোর্ডের একটি উদ্যোগ

# 2023-এর NYC এর ভোটার গাইড

**আপনি এই ভোটার গাইডটি পাচ্ছেন কারণ আপনি একজন নিবন্ধিত ভোটার এবং সাম্প্রতিক একটি নির্বাচনে ভোট দিয়েছেন। আপনার ডিস্ট্রিক্টের প্রার্থীদের সবচেয়ে আপ টু ডেট তালিকা দেখতে, bengali.nycvotes.org/candidates-এ যান।**

### আমি কখন ভোটপ্রদান করব?

- 7 নভেম্বর মঙ্গলবার সাধারণ নির্বাচন।
- আপনি শনিবার, 28 অক্টোবর থেকে রবিবার, 5 নভেম্বর পর্যন্ত আগাম ভোট দিতে পারেন। সোমবার, 6 নভেম্বর তারিখে কোনও আগাম ভোট দান নেই।

### আমি কী উদ্দেশ্যে ভোটপ্রদান করব?

**অফিসগুলি**

- সিটি কাউন্সিল
- ডিস্ট্রিক্ট অ্যাটর্নি (ব্রঙ্কস (Bronx), কুইন্স (Queens), স্টাটেন আইল্যান্ড (Staten Island))
- স্টেট উচ্চ আদালতের বিচারপতি (ম্যানহাটন (Manhattan), ব্রঙ্কস, কুইন্স, ব্রুকলিন (Brooklyn))
- নাগরিক আদালতের বিচারপতি
- সারোগেট আদালত (ব্রুকলিন)
- ব্যালট প্রস্তাবনাসমূহ

আপনার ব্যালটে নির্দিষ্ট অফিসগুলি আপনি কোথায় থাকেন তার উপর নির্ভর করে। vote.nyc/page/find-your-poll-site-এ আপনার ব্যালট দেখুন।

**nycvotes.org/bn-এ আরও জানুন!**

## নির্বাচনের তারিখ এবং শেষ তারিখগুলি

| | |
|---|---|
| **23 অক্টোবর** | **অনুপস্থিত ব্যক্তির ব্যালট অনুরোধের শেষ তারিখ** (অনলাইন বা ডাকযোগে)<br>*আপনি যদি আপনার অনুপস্থিত ব্যক্তির ব্যালট অনুরোধ ফর্মটি ডাকযোগে পাঠান, তাহলে নির্বাচন বোর্ডের কাছে তা অবশ্যই এই তারিখের মধ্যে এটি পৌঁছে যেতে হবে। |
| **28 অক্টোবর** | **ভোটার নিবন্ধনের শেষ তারিখ**<br>আগাম ভোট শুরু হবে |
| **5 নভেম্বর** | আগাম ভোট শেষ হবে |
| **6 নভেম্বর** | **অনুপস্থিত ব্যক্তির ব্যালট অনুরোধের শেষ তারিখ** (নির্বাচন বোর্ড অফিসে ব্যক্তিগতভাবে) |
| **7 নভেম্বর** | সাধারণ নির্বাচনের দিন (সকাল 6:00টা – রাত 9:00টা)<br>**আপনার অনুপস্থিত ব্যক্তির ব্যালট পোস্টমার্ক করার বা এটি একটি পোল সাইটে গিয়ে পৌঁছে দেওয়ার শেষ তারিখ** |

## সূচীপত্র


3 কীভাবে ভোটপ্রদান করতে হবে
4 আপনার পোল সাইটে কী আশা করা যায়
5 ভোটার হিসেবে আমার অধিকারগুলি কী?
6 অ্যাক্সেসযোগ্যতা
7 নমুনা ব্যালট
8 নির্বাচিত কর্মকর্তাদের করণীয় কী?
9 সিটি কাউন্সিল সম্পর্কে
11 ব্যালটে প্রার্থীরা
42 ব্যালট প্রস্তাবনাসমূহ
45 NYC Votes এর ব্যাপারে
46 সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নাবলী
48 নির্বাচন বোর্ডের (Board of Elections) সাথে যোগাযোগ করুন

# কীভাবে ভোটপ্রদান করতে হবে

## পোল সাইট এবং ভোটপ্রদানের সময়সূচী

**আপনার পোল সাইট কোথায় রয়েছে এবং ভোটপ্রদানের সময় খুঁজে নিন:**

- **nycvotes.org/bn**-এ যান।
- NYC নির্বাচন বোর্ডকে কল করুন 866-VOTE-NYC (866-868-3692)-এ বা TTY 212-487- 5496-এ।

## নির্বাচনের দিন

নির্বাচনের দিন, 7 নভেম্বর সকাল 6:00 টা থেকে রাত 9:00 টা পর্যন্ত ভোট কেন্দ্রগুলি খোলা থাকবে। আপনাকে অবশ্যই আপনার পোল সাইটে ভোট দিতে হবে।

পোল সাইটের স্থান পরিবর্তন হতে পারে এজন্য আপনি যাওয়ার আগে অবশ্যই চেক করুন!

## আগাম ভোট দান

নির্বাচনের দিন আপনি ব্যক্তিগতভাবে আগাম ভোট দিন পারেন!

**কী জানা দরকার**

- আপনার একটি নির্ধারিত আগাম ভোট সাইট রয়েছে, যা সম্ভবত আপনার নির্বাচনের দিনের পোল সাইট থেকে আলাদা।
- সময়সূচি প্রতিদিন পরিবর্তিত হয়, তাই যাওয়ার আগে আপনার পোল সাইটটি চেক করুন এবং সেটির সময়সূচি নিশ্চিত করুন।

**আগাম ভোট দানের তারিখগুলি**

শনিবার, 28 অক্টোবর থেকে রবিবার, 5 নভেম্বর পর্যন্ত।

## ডাক যোগে ভোট দিন

আপনার যদি কোনো বৈধ কারণ থাকে, যেমন নির্বাচনের দিন নিউ ইয়র্ক থেকে দূরে থাকা বা অসুস্থতা বা শারীরিক অক্ষমতা থাকে তাহলে আপনি অনুপস্থিত ব্যক্তির ব্যালটের জন্য অনুরোধ করতে পারেন।

23 অক্টোবর হচ্ছে আপনার ব্যালট অনলাইনে অনুরোধ করার, অথবা নির্বাচন বোর্ডের (Board of Elections) কাছে ডাকযোগে আপনার অনুরোধটি পৌঁছানোর শেষ তারিখ।

আপনি যদি ডাকযোগে ভোট দেওয়ার পরিকল্পনা করেন তবেই কেবল অনুপস্থিত ব্যক্তির ব্যালট অনুরোধ করুন। আপনি যদি অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধ করার পরে ব্যক্তিগতভাবে ভোট দিতে চান তবে আপনাকে আপনার পোল সাইটে একটি এফিডেভিট ব্যালট দিয়ে ভোটপ্রদান করতে হবে।

**কীভাবে আপনার অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধ করবেন:**

- **nycabsentee.com**-এ যান।
- শ্রবণ প্রতিবন্ধীদের জন্য 866-VOTE-NYC (866-868-3692) বা TTY 212-487-5496-এ NYC নির্বাচন বোর্ডে কল করুন।
- আপনার স্থানীয় NYC নির্বাচন বোর্ডের অফিসে যান। ব্যক্তিগতভাবে আপনার অনুরোধ জমা দেওয়ার শেষ সময়সীমা 6 নভেম্বর।

**আপনার যদি দৃষ্টি সংক্রান্ত অক্ষমতা থাকে বা প্রতিবন্ধকতা থাকে**

স্ক্রিন রিডার দ্বারা আপনার ব্যালট পড়ে শোনানোর জন্য, আপনি **nycabsentee.com/accessibility**-এ বা উপরের নম্বরে কল করে একটি অ্যাক্সেসযোগ্য অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধ করতে পারেন।

**আপনার ব্যালট ট্র্যাক করুন**

আপনি **nycabsentee.com/tracking**-এ গিয়ে NYC নির্বাচন বোর্ড থেকে আপনার ব্যালট ট্র্যাক করতে পারেন।

# আপনার পোল সাইটে কী আশা করা যায়

## পৌঁছানোর পরে চেক ইন করুন

আপনি যখন প্রবেশ করবেন, তখন একজন ভোট কর্মী আপনাকে দেখিয়ে দেবেন কোথায় সাইন ইন করতে হবে। তারা নিবন্ধিত ভোটারদের তালিকায় আপনাকে খুঁজবে এবং আপনাকে ব্যালট দেওয়ার আগে আপনার স্বাক্ষর যাচাই করবে।

**উপদেশ: আপনি যদি নির্বাচন বোর্ড থেকে ডাকযোগে একটি ফাস্ট পাস পেয়ে থাকেন, তাহলে দ্রুত চেক ইন করার জন্য সেটি আপনার সঙ্গে নিয়ে আসবেন!**

*ভোট দেওয়ার জন্য আপনাকে আইডি দেখাতে হবে না, যদি না আপনি প্রথমবার ভোটপ্রদানকারী হন যিনি ভোটপ্রদান করতে নিবন্ধন করার সময় DMV বা সোশ্যাল সিকিউরিটি নম্বর প্রদান করেননি।

## আপনার ব্যালট পূরণ করুন

আপনার পছন্দের পাশে দেওয়া ডিম্বাকারটি সম্পূর্ণরূপে পূরণ করে আপনার ব্যালটটি চিহ্নিত করুন।

আপনি যদি কোনো ভুল করেন বা আপনার ব্যালট সম্পর্কে যদি কোনো প্রশ্ন থাকে, আপনি একজন ভোট কর্মীর কাছে সাহায্য চাইতে পারেন!

*আপনার ব্যালটের উভয় দিক যাচাই করে নিতে ভুলবেন না যাতে আপনি কিছু ছেড়ে না দেন।

## আপনার ব্যালট স্ক্যান করুন

একবার আপনার ব্যালট পূরণ করা হয়ে গেলে, একজন ভোট কর্মী আপনাকে স্ক্যানারে আপনার ব্যালট ঢোকাতে সাহায্য করবেন। আপনার ভোটপ্রদান হয়ে গেলে স্ক্যানার আপনাকে জানাবে।

## আপনার স্টিকার প্রাপ্ত করুন

আপনার স্টিকার নিন! এটি পরুন, এটি দেখান এবং নিশ্চিত করুন যে আপনার বন্ধুরা এবং পরিবারও যাতে ভোট দেওয়ার পরিকল্পনা করেন।

# একজন ভোটার হিসাবে আমার অধিকারসমূহ কী?

## সাধারণ নির্বাচনে আপনার ভোট দেওয়ার অধিকার থাকবে যদি:

- আপনি হলেন একজন নিবন্ধিত ভোটার।
- বন্ধ হওয়ার সময়ের মধ্যে আপনি আপনার পোল সাইটে লাইনে থাকেন।

## যেকোনো নির্বাচনে আপনার এই অধিকারগুলি থাকবে:

- সাহায্যের জন্য একজন ভোট কর্মীকে জিজ্ঞাসা করুন, বা আপনার যদি কোন ভাষাগত সহায়তার প্রয়োজন হয়, তবে একজন দোভাষীর অনুরোধ করুন। দোভাষী সম্পর্কে আরও তথ্যের জন্য শ্রবণ প্রতিবন্ধীদের জন্য 866-VOTE-NYC (866-868-3692) বা TTY 212-487-5496-এ কল করুন।
- আপনাকে ভোটপ্রদান করতে সহায়তা করার জন্য কাউকে (আপনার নিয়োগদাতা বা ইউনিয়ন প্রতিনিধি ব্যতীত) সঙ্গে নিয়ে আসুন।
- আপনার সঙ্গে এই ভোটার গাইডটি সহ অন্যান্য মুদ্রিত প্রকাশনা নিয়ে আসুন।
- যদি ভোটপ্রদান করার মেশিন নষ্ট থাকে, তথাপি ভোটপ্রদান করুন।
- যদি আপনার পোল সাইটে ভোটার তালিকায় আপনার নাম না থাকে, তবে এফিডেভিট ব্যালটের মাধ্যমে ভোটপ্রদান করুন।
- একটি প্রবেশযোগ্য ভোট কেন্দ্র যা শারীরিক প্রতিবন্ধকতা মুক্ত।
- আপনার ব্যালট জমা দিতে একটি অ্যাক্সেসযোগ্য ভোট দান করার মেশিন ব্যবহার করুন।
- আপনার যোগ্যতা বা অক্ষমতা নির্বিশেষে ভোট দিন।

## অপরাধী বা অপরাধমূলক কার্যে দোষী সাব্যস্ত ব্যক্তিদের ভোট দেওয়ার অধিকার:

- অন্যায় এবং লঙ্ঘনের ক্ষেত্রে দোষী সাব্যস্ততা আপনাকে ভোট দেওয়া থেকে আটকায় না, এমনকি আপনি জেলে থাকলেও।
- যদি আপনি বর্তমানে একটি অপরাধমূলক কার্যে দোষী সাব্যস্ত হওয়ার জন্য কারাবাসে থাকেন, তাহলে আপনি ভোট দেওয়ার জন্য অযোগ্য। যাইহোক, যদি আপনি একটি অপরাধমূলক কার্যের জন্য দোষী সাব্যস্ত হন এবং আপনার সাজা স্থগিত থাকে, তাহলে আপনি ভোটপ্রদান করতে পারেন।
- আপনি যদি কোনো অপরাধমূলক কার্যে দোষী সাব্যস্ত হন এবং আপনি কারাগার থেকে মুক্তি পেয়ে থাকেন, তাহলে আপনি ভোট দিতে পারবেন। তবে, আপনাকে আবার ভোটপ্রদান করতে নিবন্ধন করতে হবে।
- যদি আপনি বর্তমানে প্রবেশন বা প্যারোলে থাকেন, তাহলেও আপনি ভোটপ্রদান করতে পারেন।
- আপনি যদি বর্তমানে কোনো অপরাধমূলক কার্যের জন্য জেলে থাকেন বা বিচারের অপেক্ষায় থাকেন, তাহলে আপনি ভোটপ্রদান করতে পারেন।

## আপনার সহায়তা প্রয়োজন হলে কার সাথে যোগাযোগ করবেন:

- আপনার পোল সাইটে কোনো সমস্যা হলে, একজন ভোট কর্মীকে বলুন বা 866-VOTE-NYC (866-868-3692) বা TTY 212-487-5496-এ NYC নির্বাচন বোর্ডের সাথে যোগাযোগ করুন।
- আপনার অধিকার লঙ্ঘন হলে, একজন প্রশিক্ষিত নির্বাচন সুরক্ষা স্বেচ্ছাসেবকের সাথে কথা বলার জন্য এবং বিনামূল্যে আইনি সহায়তা পাওয়ার জন্য 866-OUR-VOTE (866-687-8683)-এ ইলেকশন প্রোটেকশন হটলাইনে কল করুন।
- (866) 390-2992-এ কল করে বা **ag.ny.gov/election-hotline**-এ গিয়ে নিউ ইয়র্ক অ্যাটর্নি জেনারেলকে আপনার অভিযোগ জানান।

# অ্যাক্সেসযোগ্যতা

**নিউ ইয়র্কের প্রতিটি ভোটারের গোপনীয় ও স্বতন্ত্রভাবে ব্যালট ভোট দান করার অধিকার রয়েছে। অক্ষমতার কারণে বা সীমিত ইংরেজী দক্ষতার কারণে আপনার ব্যালট পূরণ করতে যদি আপনার সহায়তার প্রয়োজন হয় তবে সহায়তা পাওয়া যাবে।**

## অ্যাক্সেসযোগ্য অনুপস্থিত ব্যক্তির ব্যালট

আপনি যদি দৃষ্টি প্রতিবন্ধী হন বা কোনও কাগজের ব্যালট চিহ্নিত করতে না পারেন তাহলেও আপনি ডাকযোগে ভোট দিতে পারবেন। আপনি একটি অ্যাক্সেসযোগ্য অনুপস্থিত ব্যক্তির ব্যালটের জন্য অনুরোধ করতে পারেন যা একটি স্ক্রিন রিডার দ্বারা পড়া যায় এবং একটি কম্পিউটার ব্যবহার করে পূরণ করা যায়। একটি অ্যাক্সেসযোগ্য অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধ করতে, এখানে যান: **nycabsentee.com/accessibility** বা 866-VOTE-NYC (866-868-3692) বা TTY 212-487-5496-এ কল করুন শ্রবণ প্রতিবন্ধীদের জন্য।

## ভাষা ও দোভাষী পরিষেবা

শহর জুড়ে অনেক পোল সাইটে দোভাষী পাওয়া যায়। আপনার ব্যালট বুঝতে এবং সম্পূর্ণ করতে সাহায্য করার জন্য আপনার পরিবারের সদস্য, বন্ধু বা দোভাষী সহ কাউকে পাওয়ার অধিকার রয়েছে।

আপনি **vote.nyc**-এ গিয়ে কোন ভোটদান কেন্দ্রে দোভাষী প্রদান করে তা জানতে পারবেন। এছাড়াও আপনি 866-VOTE-NYC (866-868-3692)-এ কল করতে পারেন।

## ব্যালট মার্কিং ডিভাইস


**সমস্ত পোল সাইটগুলিতে ব্যালট মার্কিং ডিভাইস (Ballot marking devices, BMD) উপলব্ধ রয়েছে ভোটারদের জন্য আরও ভাল অ্যাক্সেসযোগ্যতা প্রদানের জন্য, যার মধ্যে রয়েছেন যারা অন্ধ, দৃষ্টি প্রতিবন্ধী, বা এমন একটি অক্ষমতা বা অবস্থাযুক্ত যা কলম দিয়ে ব্যালট চিহ্নিত করা কঠিন বা অসম্ভব করে তোলে।**

যদি আপনি একটি BMD ব্যবহার করতে চান, তাহলে একজন ভোট কর্মীকে বলুন! ব্যালটটিকে প্রদর্শিত স্ক্রিনে দেখতে, অতিরিক্ত ভাষাগুলিতে অনুবাদ করতে বা হেডফোন ব্যবহার করে আপনার পছন্দগুলি শুনতে আপনি এটি ব্যবহার করতে পারেন।

## আপনার ব্যালট চিহ্নিত করার জন্য এই ডিভাইস চারটি উপায় প্রদান করে:



টাচ স্ক্রিন



কিপ্যাড (ব্রেইল)



সিপ ও পাফ ডিভাইস




রকার প্যাডেল

- আপনি টেক্সটাকে বড় করতে "ZOOM IN" (জুম ইন) করতে পারেন, টেক্সটটিকে মূল আকারে ফিরিয়ে আনতে "ZOOM OUT" (জুম আউট) করতে পারেন অথবা কালো ব্যাকগ্রাউন্ডে সাদা টেক্সটে ব্যালট প্রদর্শনের জন্য "HIGH CONTRAST" (হাই কন্ট্রাস্ট) নির্বাচন করতে পারেন।
- আপনি পুনুরাবৃত্তি করতে পারেন এবং হেডফোনের গতি এবং ভলিউম কম-বেশ করতে পারেন।
- মনে রাখবেন! আপনার চয়নগুলি পাকাপাকি হবে না যতক্ষণ না আপনি আপনার চিহ্নিত করা ব্যালটটি স্ক্যানারে প্রবেশ করেন এবং ভোট দান করেন।
- যদি আপনার ব্যালটটি স্ক্যানারে প্রবেশ করাতে আপনার সহায়তার প্রয়োজন হয়, তবে একজন ভোট কর্মী আপনার সহায়তা করবে।

# নমুনা ব্যালট

নীচের নমুনা ব্যালটটি শুধুমাত্র প্রদর্শনের জন্য। এটি আপনার প্রকৃত ব্যালট নয় এবং এটি পূরণ করলে আপনার ভোট হিসাবে গণনা করা হবে না।

| | | |
|---|---|---|
| **City Council**<br>**সিটি কাউন্সিল** | ◯<br>**Candidate A**<br>**প্রার্থী A**<br>Party 1<br>দল 1 | ◯<br>**Candidate B**<br>**প্রার্থী B**<br>Party 2<br>দল 2 |
| **District Attorney**<br>**ডিস্ট্রিক্ট অ্যাটর্নি**<br>Bronx, Queens, Staten Island | ◯<br>**Candidate A**<br>**প্রার্থী A**<br>Party 1<br>দল 1 | ◯<br>**Candidate B**<br>**প্রার্থী B**<br>Party 2<br>দল 2 |
| **State Supreme Court**<br>**স্টেট সুপ্রিম কোর্ট**<br>Manhattan, Bronx, Queens, Brooklyn | ◯<br>**Candidate A**<br>**প্রার্থী A**<br>Party 1<br>দল 1 | ◯<br>**Candidate B**<br>**প্রার্থী B**<br>Party 2<br>দল 2 |
| **Civil Court Judges**<br>**নাগরিক আদালতের বিচারপতি** | ◯<br>**Candidate A**<br>**প্রার্থী A**<br>Party 1<br>দল 1 | ◯<br>**Candidate B**<br>**প্রার্থী B**<br>Party 2<br>দল 2 |
| **Surrogate's Court**<br>**সারোগেট আদালত**<br>Brooklyn | ◯<br>**Candidate A**<br>**প্রার্থী A**<br>Party 1<br>দল 1 | ◯<br>**Candidate B**<br>**প্রার্থী B**<br>Party 2<br>দল 2 |

## আমার শীর্ষস্থানীয় পছন্দগুলি

সিটি কাউন্সিলের জন্য আপনার সেরা পছন্দের তালিকা তৈরি করতে এই পেজটি ব্যবহার করুন। পোল সাইটে আপনার ব্যালট যখন পূরণ করতে যাবেন তখন এটি তথ্যসূত্র হিসাবে আপনার সঙ্গে আনতে পারেন।

### সিটি কাউন্সিল

### ব্যালট প্রস্তাবনাসমূহ

প্রস্তাবনা 1

প্রস্তাবনা 2

**অনুস্মারক! আপনার পার্টি এবং আপনি যেখানে থাকেন তার উপর ভিত্তি করে আপনার ব্যালটে অতিরিক্ত অফিস থাকতেও পারে।**

আপনি **findmypollsite.vote.nyc**-এ গিয়ে নির্বাচন বোর্ড থেকে আপনার ব্যালটের একটি নমুনার পূর্বরূপ দেখতে পারেন

# নির্বাচিত কর্মকর্তাগণ কি করবেন?

আমাদের নির্বাচিত কর্মকর্তারা প্রতিদিন এমন সব সিদ্ধান্ত নেন যা চাকরি, আবাসন, শিক্ষা, স্বাস্থ্যসেবা এবং আরও অনেক কিছুকে প্রভাবিত করে। আপনার ব্যালটে মজুদ অফিসগুলি সম্পর্কে আরও জানুন।

**আপনার ডিস্ট্রিক্টের প্রার্থীদের সবচেয়ে আপ টু ডেট তালিকা দেখতে, bengali.nycvotes.org/candidates-এ যান।**

## সিটি অফিসগুলি

### সিটি কাউন্সিল

সিটি কাউন্সিল হচ্ছে নিউ ইয়র্ক সিটির সরকারের আইনী, বা আইন প্রণয়নকারী শাখা। 51 জন সদস্য আছে। কাউন্সিলের সদস্যরা সাধারণত 4 বছর (টানা 2 মেয়াদ পর্যন্ত) কার্যভার সামলান।

2020 সালের আদমশুমারির পরে, জনসংখ্যার পরিবর্তনের সাথে সামঞ্জস্য মিলানোর জন্য সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টগুলিকে পুনরায় সংশোধিত করা হয়েছিল। এই প্রক্রিয়ার কারণে, 2021 এবং 2023 সালে নির্বাচিত কাউন্সিলের সদস্যরা নতুনভাবে সংশোধিত ডিস্ট্রিক্টগুলিতে 2 বছরের মেয়াদে কার্যভার সামলাবেন। 2025 সালে, 4 বছরের মেয়াদ আবার শুরু হবে।

- বিল জারি করেন এবং সেগুলির জন্য ভোট দেন।
- শহরের বাজেট সম্পর্কে আলোচনা এবং অনুমোদন করেন।
- সিটি এজেন্সির তত্ত্বাবধান করেন।
- আমাদের শহরের উন্নয়ন এবং বিকাশ সম্পর্কে সিদ্ধান্ত নেন।
- তাদের নির্বাচকজন্য সহায়তা প্রদান করেন।

**আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে findmypollsite.vote.nyc-এ খুঁজুন।**

## কাউন্টি অফিসগুলি

### ডিস্ট্রিক্ট অ্যাটর্নি

ডিস্ট্রিক্ট অ্যাটর্নি হচ্ছেন তাদের কাউন্টির সর্বোচ্চ প্রসিকিউটার। তারা 4 বছরের জন্য কার্যভার সামলান। মেয়াদের কোন সীমা নেই।

- কোন মামলার বিচার করতে হবে (এবং কোনটি নয়) তার সিদ্ধান্ত নেন।
- সব ফৌজদারি মামলা তদারকি করেন।
- অপরাধমূলক আচরণের তদন্ত এবং বিচার করেন।

## বিচারপতি

### স্টেট সুপ্রিম কোর্ট

রাজ্যের উচ্চ আদালতের বিচারপতিরা তাদের কাউন্টির মধ্যে বড় বড় অপরাধ এবং দেওয়ানী মামলার তদারকি করেন। সুপ্রিম কোর্ট নিউইয়র্ক স্টেটের ট্রায়াল আদালত; আপিল আদালত হল সর্বোচ্চ আদালত। তারা 14-বছরের মেয়াদে কাজ করেন।

- বিবাহ বিচ্ছেদ, আলাদা এবং বাতিলের কার্যক্রমে সভাপতিত্ব করে।
- গুরুতর অপরাধের ফৌজদারি বিচার পরিচালনা করে (যার জন্য এক বছরের বেশি সাজা দেওয়া যেতে পারে)।
- নাগরিক সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত নেন, যেমন চুক্তি এবং নির্যাতনের দাবি।

### নাগরিক আদালত – কাউন্টি ও ডিস্ট্রিক্ট

নাগরিক আদালতের বিচারকরা কাউন্টি বা ডিস্ট্রিক্টের প্রতিনিধিত্ব করতে পারেন, তাই আপনি আপনার ব্যালটে একাধিক নাগরিক আদালতের বিচারপতিদের দেখতে পারেন। বিচারপতিরা 10 বছরের মেয়াদের জন্য নির্বাচিত হন এবং এমন মামলাগুলির বিচার করেন যার মধ্যে রয়েছে:

- $50,000 পর্যন্ত নাগরিক সংক্রান্ত বিষয়।
- বাড়িওয়ালা-ভাড়াটে সংক্রান্ত বিষয় এবং আবাসনের গুণমান রক্ষণাবেক্ষণ সংক্রান্ত মামলা।
- অপরাধমূলক কর্মের ফৌজদারি বিচার।

### সারোগেট কোর্ট

সারোগেট কোর্টের বিচারকরা কাউন্টি বাসিন্দাদের মৃত্যুর পর তাদের এস্টেট জড়িত মামলার সিদ্ধান্ত নেন। তারা 14 বছরের মেয়াদ অনুযায়ী কাজ করেন এবং মামলাগুলির শুনানী করেন যার মধ্যে রয়েছে:

- মৃত ব্যক্তির বিষয়গুলি যেমন উইল এবং এস্টেটের প্রশাসন।
- দত্তক।
- অভিভাবকত্ব।

# একজন সিটি কাউন্সিলের সদস্যের জীবনের একটি দিন


**সিটি কাউন্সিলের সদস্যরা আপনার জন্য কী করেন?**

- আবাসন, স্বাস্থ্যসেবা, শিক্ষা, জননিরাপত্তা এবং আরও অনেক কিছুর বিষয়ে বিলের খসড়া তৈরি করেন এবং সেগুলির জন্য ভোট দেন। কাউন্সিলের সদস্যরা বার্ধক্য থেকে যুব পরিষেবা পর্যন্ত বিষয়গুলিতে কমিটিতে যোগও দিতে পারেন।
- শহরের ~$107 বিলিয়ন এর বাজেট তৈরি এবং অনুমোদন করতে মেয়রের সাথে কাজ করেন। প্রতিটি কাউন্সিলের সদস্য তাদের ডিস্ট্রিক্টে স্কুল নির্মাণ এবং উন্নয়নমূলক কাজে ~$5 মিলিয়ন এর বাজেট এবং অলাভজনক সংস্থাগুলিকে সমর্থন করার জন্য ~$500,000-এর অতিরিক্ত বাজেটের তদারকি করেন।
- নিউ ইয়র্ক সিটি পুলিশ বিভাগ এবং নিউ ইয়র্ক সিটি শিক্ষা বিভাগ সহ নিউ ইয়র্কবাসীদের পরিষেবা দেয় এমন সিটি এজেন্সিগুলি পর্যবেক্ষণ করেন।
- সম্পত্তির মালিকদের জন্য জোনিং তত্ত্বাবধান, ল্যান্ডমার্ক সংরক্ষণ এবং শহরের জমি ও জনসাধারণের সুবিধাগুলি তদারকি সহ শহর জুড়ে বিল্ডিং এবং জমির ব্যবহার নির্ধারণ করেন।
- আপনার মত নির্বাচক সাহায্য করেন। কাউন্সিলের সদস্যরা এবং তাদের অফিসগুলি আপনাকে ট্যাক্স প্রস্তুতি, সাশ্রয়ী মূল্যের আবাসন, বৃক্ষরোপণ, নোংরা ফুটপাথ, গর্ত পরিষ্কার, পথচারীদের নিরাপত্তা এবং আরও অনেক কিছুর ক্ষেত্রে সাহায্য করতে পারেন। আপনার সাহায্যের প্রয়োজন হলে আপনার কাউন্সিলের সদস্যের সাথে যোগাযোগ করুন!

## নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের ম্যাপ

- NYC এর 51টি সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট রয়েছে
- ~172,000 ভোটার প্রতিটি ডিস্ট্রিক্টে বাস করে
- সিটি কাউন্সিল NYC-এর ~$107 বিলিয়ন এর বাজেট অনুমোদন করে

**আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে findmypollsite.vote.nyc–এ খুঁজুন।**



# আপনার ব্যালটের পরিকল্পনা করুন

**আপনার প্রার্থী বাছাই শেষ? আপনার পোল সাইটে নিয়ে যাওয়ার জন্য আপনার পছন্দগুলি সংরক্ষণ করুন!**

এখানে স্ক্যান করুন বা **bengali.nycvotes.org/plan-your-ballot**-এ যান

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 1

**গণতান্ত্রিক**

- ক্রিস্টোফার মার্টে (Christopher Marte)

**রিপাবলিকান, কনসারভেটিভ, শিল্প ও সংস্কৃতি, সাধারণ জ্ঞান**

- হেলেন জে কিউ (Helen J Qiu)

**যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য।** **পৃষ্ঠা 45-এ আরও জানুন**

**এই গাইডে সেই সকল প্রার্থীকে তালিকাভুক্ত করা হয়েছে যাদেরকে প্রকাশনার সময় ব্যালটে থাকার প্রত্যাশা করেছেন। প্রার্থীদের সবচেয়ে আপ-টু-ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিও খুঁজতে, এবং সমস্যার অবস্থান তুলনা করতে, bengali.nycvotes.org/candidates দেখুন।**

---



## ক্রিস্টোফার মার্টে (Christopher Marte)

গণতান্ত্রিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. স্থানচ্যুতি বন্ধ করুন
2. মজুরি চুরি বন্ধ করুন
3. আমাদের জলপ্রান্তর রক্ষা করুন

*"আমি গর্বিত যে ডেমোক্র্যাটিক প্রাইমারীর সময় একটি সুস্পষ্ট বিজয়ের মধ্যে লোয়ার ম্যানহাটানকে একত্রিত করতে পেরেছি। আমরা অফিসের দায়িত্ব নেওয়ার পর থেকে এই বৈচিত্র্যময় ডিস্ট্রিক্টের প্রতিটি অনন্য পাড়ার সেবা করার জন্য কঠোর পরিশ্রম করে যাচ্ছি, এবং সেই কাজটি ফলাফল দেখাচ্ছে। আমাদের রাস্তায় নতুন গাছ লাগানো হয়েছে, আমাদের স্কুলে নতুন প্রযুক্তি আসছে, এবং হাজার হাজার লোকদের ও ক্ষুদ্র ব্যবসাকে তাদের কমিউনিটিতে থাকতে সাহায্য করেছে।"*

**বর্তমান পেশা:** সিটি কাউন্সিলের সদস্য

**পূর্ববর্তী পেশাগুলি:** নিউ ইয়র্ক এর পরিচালক; এরিনা। পেনশন ফান্ড ম্যানেজার; IBM

**শিক্ষা:** গ্লোবাল কলেজ, LIU ব্রুকলিন

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** ডাউনটাউন ইন্ডিপেন্ডেন্ট ডেমোক্র্যাটস

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** ডেমোক্রেটিক স্টেট কমিটির সদস্য (2018-22)

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক



## হেলেন জে কিউ (Helen J Qiu)

রিপাবলিকান, কনসারভেটিভ, শিল্প ও সংস্কৃতি, সাধারণ জ্ঞান

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. ফান্ডিং NYPD/DA নজরদারি
2. গৃহহীন এবং মানসিক-স্বাস্থ্য সমাধান
3. আবাসন ইনভেন্টরি বৃদ্ধি জরিমানা নির্মূল করা

*"আমি আমার ডিস্ট্রিক্ট এবং নিউ ইয়র্ককে ভালোবাসি। আমার ডিস্ট্রিক্ট যেখানে নিউ ইয়র্কের জন্ম হয়েছিল। লোয়ার ম্যানহাটন এবং সমস্ত NYC-এর নিরাপত্তা এবং সুযোগ রক্ষা করাকে আমি আমার লক্ষ্য মনে করি। আমার ছেলে এবং সমস্ত পরিবারের জন্য একজন সফল পাবলিক স্কুল অ্যাডভোকেট হিসেবে আমার যাত্রা আমাকে CEC 2021-এর নির্বাচনে বিজয়ী করেছে। আমার অনন্য ব্যাকগ্রাউন্ড, চীন থেকে আসা একজন অভিবাসী থেকে, কলম্বিয়ার PHD এর দিকে কাজ করা, একটি ফরচুন সেমিকন্ডাক্টর কোম্পানিতে নির্বাহী ভূমিকা পালন করা এবং একজন নিযুক্ত যাজক, আমাকে বিভিন্ন অভিজ্ঞতা দিয়ে ক্ষমতায়ন করে যা আমি NYC সিটি কাউন্সিলে প্রকৃত পরিবর্তন কার্যকর করতে ব্যবহার করব।"*

**বর্তমান পেশা:** সহযোগী অধ্যাপক

**পূর্ববর্তী পেশাগুলি:** ইঞ্জিনিয়ারিং প্রজেক্ট ম্যানেজার, যাজক।

**শিক্ষা:** ঝোংশান বিশ্ববিদ্যালয়, হার্ভার্ড এবং কলম্বিয়া

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** জিউইশ চাইনিজ কোয়ালিশন, কমনসেন্স NY, সেরা NYCHA

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** কমিউনিটি শিক্ষা পরিষদ

**নিবন্ধিত দল:** রিপাবলিকান

# প্রার্থীদের তুলনা করুন

**আপনার কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়গুলি নিয়ে প্রার্থীদের কী দৃষ্টিভঙ্গি তা দেখতে আমাদের অনলাইন ভোটার গাইড দেখুন, এবং তারপরে তাদের মতামতগুলি পাশাপাশি তুলনা করুন।**

**এখানে স্ক্যান করুন বা bengali.nycvotes.org/compare-এ যান**

# প্রার্থীদের তুলনা করুন

এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, bengali.nycvotes.org/compare–এ যান।

আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে findmypollsite.vote.nyc–এ খুঁজুন।

| | ক্রিস্টোফার মার্টে (Christopher Marte) ✓<br>গণতান্ত্রিক | হেলেন জে কিউ (Helen J Qiu) ✓<br>রিপাবলিকান, কনসারভেটিভ, শিল্প ও সংস্কৃতি, সাধারণ জ্ঞান |
|---|---|---|
| **অপরাধ** | অপরাধ কমানো মানে হচ্ছে তা ঘটার আগেই বন্ধ করা, শুধু পরে প্রতিক্রিয়া দেখানো নয়। আমরা ম্যানহাটনের ডিস্ট্রিক্ট অ্যাটর্নির সাথে অংশীদারিত্ব করেছি অবৈধ ধূমপানের দোকানের মতো সমস্যাগুলির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে এবং এছাড়াও লোকেদের তাদের জীবন অনিষ্টকারী পছন্দগুলি করা থেকে বিরত রাখতে শক্তিশালী সামাজিক পরিষেবা নেটওয়ার্কগুলিকে ফান্ডিং করেছে। | আমার লক্ষ্য হল রাস্তা এবং পাতাল রেলের নিরাপত্তার ক্ষতিকারী অপরাধের আইন প্রয়োগের জন্য ডিস্ট্রিক্ট অ্যাটর্নি ব্র্যাগকে চাপ দেওয়া। একই সাথে, ভারসাম্য পুনরুদ্ধারের লক্ষ্যে, আমি জামিন সংস্কার এবং অন্যান্য ফৌজদারি বিচার ব্যবস্থাগুলিকে বাতিল করার চেষ্টা করব যা অপরাধীদের ক্ষমতায়ন করে। |
| **মুদ্রাস্ফীতি** | জীবনযাত্রার ক্রমবর্ধমান ব্যয় স্থানচ্যুতি ঘটায়। আমরা চায়নাটাউনে একটি নতুন মল খোলার সুবিধা দিতে পেরে খুশি, যেটিতে ইউনিয়নের চাকরি সহ একটি বড় ডিম সাম হল অন্তর্ভুক্ত থাকবে। নিম্ন ম্যানহাটনের সর্বত্র এই ধরনের অর্থনৈতিক পুনরুজ্জীবনের প্রয়োজন। | আমি আমাদের দুর্বল কমিউনিটির উপর মুদ্রাস্ফীতির প্রভাব মোকাবেলাকে অগ্রাধিকার দেব। আমি অবসরপ্রাপ্ত, অভিজ্ঞ, প্রতিবন্ধী এবং অভাবী পরিবারের জন্য সুবিধাগুলি প্রসারিত করব। আমি নিউ ইয়র্কবাসী এবং ক্ষুদ্র ব্যবসাগুলির উপর চাপ সৃষ্টিকারী অত্যধিক ট্যাক্সের যাচাই করব, সবার জন্য একটি সাশ্রয়ী বসবাসকারী শহর নিশ্চিত করব। |
| **গণতন্ত্র রক্ষা** | দুঃখজনকভাবে, আমাদের ডিস্ট্রিক্ট ভোটার জালিয়াতি এবং দমন থেকে মুক্ত নয়। আমরা প্রাথমিক দিনে এটি সরাসরি প্রত্যক্ষ করেছি। আমরা পোল সাইটে দুর্নীতি বন্ধ করতে আরও জবাবদিহিমূলক স্থানীয় রাজনীতিবিদদের নির্বাচন করার জন্য একটি আক্রমণাত্মক প্রচেষ্টা শুরু করছি। | আমি একটি জোরালো যুব-কেন্দ্রিক নাগরিক উদ্যোগের প্রস্তাব করি যা গণতান্ত্রিক নীতিগুলিকে উদ্বুদ্ধ করবে, সচেতন, চিন্তাশীল নাগরিকদের উৎসাহিত করবে। আমি সমালোচনামূলক চিন্তাভাবনাকে জোর দিতে চাই, বিতর্ক পুনরুজ্জীবিত করতে চাই, বিভিন্ন মতামতের জন্য উন্মুক্ত হতে চাই এবং ব্যক্তিগত দায়িত্ব পালন করতে চাই এবং ভবিষ্যতের গণতন্ত্রের নিশ্চয়তা দিতে চাই। |

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 2

**ডেমোক্রেটিক, ওয়ার্কিং ফ্যামিলিস**

- কার্লিনা রিভেরা (Carlina Rivera)

যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য। পৃষ্ঠা 45-এ আরও জানুন

এই গাইডে সেই সকল প্রার্থীকে তালিকাভুক্ত করা হয়েছে যাদেরকে প্রকাশনার সময় ব্যালটে থাকার প্রত্যাশা করেছেন। প্রার্থীদের সবচেয়ে আপ-টু-ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিও খুঁজতে, এবং সমস্যার অবস্থান তুলনা করতে, bengali.nycvotes.org/candidates দেখুন।



## কার্লিনা রিভেরা (Carlina Rivera)

ডেমোক্রেটিক, ওয়ার্কিং ফ্যামিলিস

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. মৌলিক চাহিদার জন্য ক্রয়ক্ষমতা প্রসারিত করা
2. অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক বৃদ্ধিতে বিনিয়োগ করা
3. একটি পরিষ্কার-পরিচ্ছন্ন ও সবুজ শহর

*"সেকশন 8 আবাসন উত্থাপিত একজন আজীবন নিউ ইয়র্কার হিসেবে, আমি আমার প্রতিবেশীদের সংগ্রাম জানি। সাশ্রয়ী মূল্যের আবাসন থেকে শুরু করে প্রজনন সংক্রান্ত অধিকার থেকে জলবায়ু সংকট, আমার কাছে ফলাফলের রেকর্ড রয়েছে। আমি স্বাস্থ্যসেবা, জননিরাপত্তা, এবং ন্যায়সঙ্গত অর্থনৈতিক বিকাশের সমাধান করতে পুনরায় নির্বাচনের জন্য প্রতিদ্বন্দ্বিতা করছি। নিরাপদ, পরিষ্কার রাস্তা, অ্যাক্সেসযোগ্য পার্ক এবং মর্যাদাপূর্ণ আবাসন মতো শহর থেকে আপনি যে পরিষেবাগুলি আশা করেন তা আমি প্রসারিত করতে থাকব।"*

**বর্তমান পেশা:** কাউন্সিলের সদস্য

**পূর্ববর্তী পেশাগুলি:** আইন প্রণয়ন পরিচালক, কাউন্সিলওম্যান রোজি মেন্ডেজ (Rosie Mendez); প্রোগ্রাম এবং পরিষেবার পরিচালক, গুড ওল্ড লোয়ার ইস্ট সাইড; প্রোগ্রাম সহকারী, লোয়ারস এলায়েন্স ফর নিউ ইয়র্ক

**শিক্ষা:** সাংবাদিকতায় BA, ম্যারিস্ট কলেজ

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** লিঙ্গ সমতা কমিশন; স্থানীয় ডেমোক্র্যাটিক ক্লাব

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** গণতান্ত্রিক ডিস্ট্রিক্ট নেতা, 74তম অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট; ম্যানহাটন কমিউনিটি বোর্ড 3

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক

# প্রার্থীদের তুলনা করুন

এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, **bengali.nycvotes.org/compare**–এ যান।

আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে **findmypollsite.vote.nyc**–এ খুঁজুন।

## কার্লিনা রিভেরা (Carlina Rivera) ✓

ডেমোক্রেটিক, ওয়ার্কিং ফ্যামিলিস

| | |
|---|---|
| **অপরাধ** | প্রতিটি নিউ ইয়র্ক বাসীর তাদের কমিউনিটি এবং তাদের বাড়িতে নিরাপদ বোধ করার অধিকার রয়েছে। ফৌজদারি বিচার সংক্রান্ত কাউন্সিল কমিটির চেয়ারম্যান হিসাবে, আমি একটি সাধারণ-জ্ঞানের পদ্ধতি গ্রহণ করতে প্রতিশ্রুতিবদ্ধ যার মধ্যে দীর্ঘমেয়াদী সুরক্ষার উপর দৃষ্টি নিবদ্ধ করে এমন কমিউনিটি-স্তরের প্রোগ্রাম এবং সহিংসতা নিবারকগুলি অন্তর্ভুক্ত রয়েছে। |
| **মুদ্রাস্ফীতি** | নিউইয়র্ক বছরের পর বছর ধরে অসাধ্য, কিন্তু সাম্প্রতিক মুদ্রাস্ফীতি সমস্যাটিকে আরও খারাপ করেছে। দাম বৃদ্ধি বন্ধ করতে, শ্রমজীবী পরিবারের হাতে আরও বেশি তুলে দিতে এবং সকলের জন্য আরও সাশ্রয়ী, ন্যায্য শহর গড়ে তুলতে বড় কর্পোরেশন এবং বড় বিশেষ স্বার্থের পাশে দাঁড়াতে পেরে আমি গর্বিত। |
| **গণতন্ত্র রক্ষা** | US জুড়ে, চরমপন্থীরা আমাদের গণতন্ত্র ধ্বংস করছে। নিউ ইয়র্ক বাসীরা একটি বিপজ্জনক সংখ্যালঘুকে সংখ্যাগরিষ্ঠদের উপর শাসন করতে দেবে না। আমি ভুল তথ্যের বিরুদ্ধে লড়াই করতে, ভোটপ্রদানের অধিকারসমূহ রক্ষা করতে এবং আমাদের মূল্যবোধকে ধ্বংস করতে চায় এমন লোকেদের ডাকতে আমাদের অস্ত্রাগারের প্রতিটি সরঞ্জাম ব্যবহার করতে প্রতিশ্রুতিবদ্ধ। |

## প্রার্থীদের ভিডিও দেখুন

**প্রার্থীদের বিষয়ে আরও জানতে আমাদের অনলাইন ভোটার গাইড দেখুন! আপনার ব্যালটে মজুদ প্রার্থীদের দেখতে আপনার ঠিকানাটি লিখুন, এবং তারপর প্রার্থীর ভিডিও দেখতে তাদের প্রোফাইলে যান।**

**এখানে স্ক্যান করুন বা bengali.nycvotes.org/candidates-এ যান**

# nyc votes কে ফলো করুন

নির্বাচন সম্পর্কিত সমস্ত সাম্প্রতিক আপডেট পাওয়ার জন্য আপনি NYC Votes কে ফলো করতে পারেন!

**@nycvotes**

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 3

**গণতান্ত্রিক**

- এরিক বটচার (Erik Bottcher)

**রিপাবলিকান, চিকিৎসার স্বাধীনতা**

- রবার্ট বব্রিক (Robert Bobrick)

**যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য। পৃষ্ঠা 45-এ আরও জানুন**

**এই গাইডে সেই সকল প্রার্থীকে তালিকাভুক্ত করা হয়েছে যাদেরকে প্রকাশনার সময় ব্যালটে থাকার প্রত্যাশা করেছেন। প্রার্থীদের সবচেয়ে আপ-টু-ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিও খুঁজতে, এবং সমস্যার অবস্থান তুলনা করতে, bengali.nycvotes.org/candidates দেখুন।**



## এরিক বটচার (Erik Bottcher)

গণতান্ত্রিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. জীবনের মান এবং জননিরাপত্তা
2. সাশ্রয়ী মূল্যের আবাসনের সঙ্কট
3. মানসিক স্বাস্থ্যের সঙ্কট

*"প্রযোজ্য নয়"*

**বর্তমান পেশা:** সিটি কাউন্সিলের সদস্য

**পূর্ববর্তী পেশাগুলি:** নিউ ইয়র্ক সিটি কাউন্সিল স্পিকারের কর্মী প্রধান, নিউ ইয়র্ক স্টেটের গভর্নরের জন্য LGBTQ+ কমিউনিটি লিয়াজোন, নিউ ইয়র্ক সিটি কাউন্সিল জন্য LGBTQ এবং HIV/AIDS কমিউনিটি লিয়াজোন

**শিক্ষা:** স্টেট এবং স্থানীয় সরকার প্রোগ্রামে জর্জ ওয়াশিংটন ইউনিভার্সিটি, হার্ভার্ড কেনেডি স্কুলের বরিষ্ঠ নির্বাহী কর্মকর্তারা

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** ভিলেজ ইন্ডিপেন্ডেন্ট ডেমোক্র্যাটস, স্টোনওয়াল ডেমোক্র্যাটিক ক্লাব অব নিউ ইয়র্ক সিটি, ডেমোক্র্যাটিক মিউনিসিপ্যাল অফিসিয়াল

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** ডেমোক্রেটিক কাউন্টি কমিটি, নিউ ইয়র্ক সিটি কাউন্সিল জন্য LGBTQ এবং HIV/AIDS কমিউনিটি লিয়াজোন, নিউ ইয়র্ক স্টেটের গভর্নরের জন্য LGBTQ+ কমিউনিটি লিয়াজোন, কমিউনিটি বোর্ড 3 (পাবলিক সদস্য), NYPD-এর LGBTQ+ উপদেষ্টা কমিটি

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক



## রবার্ট পি বব্রিক (Robert P Bobrick)

রিপাবলিকান, চিকিৎসার স্বাধীনতা

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. শারীরিক স্বায়ত্তশাসন এবং চিকিৎসা স্বাধীনতা
2. অভিভাবকের নির্বাচন করার অধিকার
3. অবকাঠামো এবং ক্ষুদ্র ব্যবসা

*"আমি গ্রাসরুটে ক্যাম্পেইন চালাচ্ছি যাতে আমার বার্তা গড় ভোটারের কাছে পৌঁছে দিতে পারি এবং তাকে একটি কণ্ঠ দিতে পারি। আমি সমাজ মাধ্যমের চেয়ে বেশি জনসমক্ষে এবং ঘরে ঘরে গিয়ে ক্যাম্পেইন চালাই। আমার ক্যাম্পেইনের স্লোগান হল "আসুন এইটিকে নির্বাচন করা যাক, মনোনয়ন নয়।" আমি চিকিৎসা এবং অন্যান্য ঈশ্বর প্রদত্ত অধিকারের জন্য রুখে দাঁড়াবো যা এজেন্ডা-চালিত আদেশ দ্বারা হুমকির মুখে।"*

**বর্তমান পেশা:** অবসরপ্রাপ্ত

**পূর্ববর্তী পেশাগুলি:** ইতিহাসের শিক্ষক, ESL শিক্ষক

**শিক্ষা:** MA, হিস্টোরিক্যাল স্টাডিজ, নিউ স্কুল ইউনিভার্সিটি; MA, এশিয়ান স্টাডিজ, সেটন হল ইউনিভার্সিটি; BA, কলম্বিয়া কলেজ

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** মেডিকেল ফ্রিডম অ্যালায়েন্স, জেফ দুলিয়া ইন্টারজেনারেশনাল গার্ডেন

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** প্রার্থী, NYS সিনেট, ডিস্ট্রিক্ট 47, 2022

**নিবন্ধিত দল:** রিপাবলিকান

# নির্বাচন সম্পর্কিত সূচনা পান

**টেক্সট বা ইমেলের মাধ্যমে নির্বাচন সংক্রান্ত সূচনার জন্য সাইন আপ করুন! মুখ্য সময়সীমাগুলি এবং কখন ভোটপ্রদান করতে হবে সে সম্পর্কে আপ টু ডেট থাকুন।**

**এখানে স্ক্যান করুন বা nycvotes.org/stay-informed-এ যান**

# প্রার্থীদের তুলনা করুন

এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, bengali.nycvotes.org/compare–এ যান।

আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে findmypollsite.vote.nyc–এ খুঁজুন।

| | এরিক বটচার (Erik Bottcher) ✓<br>গণতান্ত্রিক | রবার্ট পি বব্রিক (Robert P Bobrick) ✓<br>রিপাবলিকান, চিকিৎসার স্বাধীনতা |
|---|---|---|
| **অপরাধ** | জননিরাপত্তা সুনিশ্চিত করা সরকারের একটি মৌলিক দায়িত্ব। মানসিক অসুস্থতার সঙ্কট, আফিওড মহামারী, এবং দুর্বলভাবে কাজ করা আদালত ব্যবস্থা সহ অপরাধ এবং জীবনের গুণমান সম্পর্কিত উদ্বেগের মাঝে অবদান রাখে এমন অনেকগুলি কারণের মোকাবেলা করার জন্য জোরালো পদক্ষেপ নিতে হবে। | পুলিশকে ডিফান্ড করা উচিত নয়। পরিবার, কমিউনিটি এবং পাড়াকে শক্তিশালী করা এবং সমর্থন করা অপরাধ কমানোর সর্বোত্তম এবং সঠিক উপায়। নিরাপদ রাস্তা এবং পরিবহন আমাদের শহরের জন্য অপরিহার্য। |
| **মুদ্রাস্ফীতি** | মুদ্রাস্ফীতি একটি গুরুতর সমস্যা যা প্রতিদিনের নিউ ইয়র্কবাসীদের খাবার জোগাড় করার ক্ষমতাকে প্রভাবিত করে। এই কারণেই আমি মুদ্রাস্ফীতি মোকাবেলায় রাষ্ট্রপতি বিডেনের প্রচেষ্টাকে সমর্থন করি এবং প্রত্যেক ব্যক্তি যাতে মর্যাদার সাথে বাঁচতে পারে তা নিশ্চিত করার জন্য কর্মীদের উচ্চ মজুরি সমর্থন করি। | এটি একটি সামষ্টিক অর্থনৈতিক প্রশ্ন যা স্টেট এবং জাতীয় নীতির সাথে বেশি প্রাসঙ্গিক। NYC-এর উচিত সর্বদা আরও বেশি প্রিন্টেড ফেডারেল ডলারের আশা না করে, স্থানীয় অর্থনীতির প্রচারের মাধ্যমে তার ভূমিকা পালন করা। |
| **গণতন্ত্র রক্ষা** | গণতন্ত্র এবং ভোটারের অধিকার আমেরিকা জুড়ে ডানপন্থী চরমপন্থীদের দ্বারা আক্রমণের শিকার হচ্ছে - এমনকি এখানে নিউ ইয়র্ক স্টেটেও। জন লুইস সুরক্ষা আইন হচ্ছে ভোটের অধিকার রক্ষার জন্য আমাদের সেরা সুযোগ এবং এর পাস হওয়ার জন্য আমাদের লড়াই চালিয়ে যেতে হবে। | আমাকে স্বতন্ত্র প্রার্থী হিসেবে বিবেচনা করুন। যখন স্বতন্ত্র প্রার্থী সহ সিটি সরকারে আমাদের আরও ভারসাম্যপূর্ণ প্রতিনিধিত্ব থাকবে, তখন কাউন্সিলে জনগণের অগ্রাধিকারগুলি আরও ব্যাপকভাবে শোনা হবে। |

# আপনার ব্যালটের পরিকল্পনা করুন

আপনার প্রার্থী বাছাই শেষ? আপনার পোল সাইটে নিয়ে যাওয়ার জন্য আপনার পছন্দগুলি সংরক্ষণ করুন!

এখানে স্ক্যান করুন বা **bengali.nycvotes.org/plan-your-ballot**-এ যান

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 4

**গণতান্ত্রিক**

- কিথ পাওয়ারস (Keith Powers) ✓

**রিপাবলিকান, প্যারেন্ট পার্টি**

- ব্রায়ান রবিনসন (Brian Robinson) ✓

✓ যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য। পৃষ্ঠা 45-এ আরও জানুন

এই গাইডে সেই সকল প্রার্থীকে তালিকাভুক্ত করা হয়েছে যাদেরকে প্রকাশনার সময় ব্যালটে থাকার প্রত্যাশা করেছেন। প্রার্থীদের সবচেয়ে আপ-টু-ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিও খুঁজতে, এবং সমস্যার অবস্থান তুলনা করতে, bengali.nycvotes.org/candidates দেখুন।



## কিথ পাওয়ারস (Keith Powers) ✓

গণতান্ত্রিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. আবাসন এবং গৃহহীনতা
2. জননিরাপত্তা এবং মানসিক স্বাস্থ্য
3. ক্ষুদ্র ব্যবসা এবং অর্থনৈতিক উন্নয়ন

*"বিগত ছয় বছর ধরে, ম্যানহাটনের ইস্ট সাইডের প্রতিনিধিত্ব করতে পারা একটি সম্মানের বিষয় ছিল -- যে ডিস্ট্রিক্ট আমি জন্মেছি এবং বড় হয়েছি। স্টুইভেস্যান্ট টাউন থেকে কার্নেগি হিল পর্যন্ত, আমি হাজার হাজার ইউনিট সাশ্রয়ী মূল্যের আবাসন সংরক্ষণ, আমাদের স্থানীয় পাবলিক স্কুলগুলিতে মিলিয়ন মিলিয়ন ডলার বিনিয়োগ, নতুন উন্মুক্ত স্থান এবং ট্রানজিটের পক্ষে এবং আমাদের নির্বাচকদের দৈনন্দিন চাহিদা পূরণের জন্য যে কাজ করেছি তার জন্য আমি গর্বিত।*

*এই মেয়াদে, আমি সিটি কাউন্সিলের সংখ্যাগরিষ্ঠ নেতা হিসেবে কাজ করতে পেরে গর্বিত এবং শহরের নেতৃত্বে আমাদের ডিস্ট্রিক্টের জন্য একটি সমালোচনামূলক কণ্ঠস্বর হিসেবে কাজ করতে সাহায্য করছি।"*

**বর্তমান পেশা:** সিটি কাউন্সিলের সদস্য

**পূর্বের পেশা:** কর্মী প্রধান

**শিক্ষা:** CUNY গ্র্যাজুয়েট সেন্টার, ডেটন ইউনিভার্সিটি

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** স্টুইভেস্যান্ট টাউন এন্ড পিটার কুপার ভিলেজ টেন্যান্টস অ্যাসোসিয়েশন, কমিউনিটি বোর্ড 6

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** কর্মী প্রধান, কমিউনিটি বোর্ড সদস্য

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক



## ব্রায়ান রবিনসন (Brian Robinson)

রিপাবলিকান, প্যারেন্ট পার্টি

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. জননিরাপত্তা
2. গৃহহীনতা
3. শিক্ষাগত গুণতন্ত্র

*"আমি একজন গর্বিত অনেক পুরোনো নিউ ইয়র্ক নিবাসী, পরিবার গড়ে তোলা অনেকের মত। আমি দেখেছি যে এই শহরে জিনিসগুলি কীভাবে ভুল হচ্ছে এবং আমি সেগুলির বিরুদ্ধে দাঁড়ানোর এবং একটি পার্থক্য গড়ে তুলার সিদ্ধান্ত নিয়েছি। বিগত কয়েক বছর ধরে রাজনীতিবিদরা এই শহরের যে ক্ষতি করেছে সে সম্পর্কে সব লোক অবহিত নয়। আমাদের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়গুলির একটি গভীর পুনর্বিশ্লেষণের সময় এসে গেছে। আমার জন্য, সে বিষয়টি হচ্ছে মানুষের নিরাপত্তা এবং মঙ্গল। পরিবারগুলির জন্য এটির বসবাসযোগ্যতা এবং আমাদের ট্যাক্স ডলার যাতে আমাদের নিজস্ব স্বার্থের সেবায় ব্যয় করা নিশ্চিত করা। এটা পার্টির ব্যাপার নয়। এটি এক সময়ের এই মহান শহরের ভবিষ্যতের ব্যাপরে।"*

**বর্তমান পেশা:** অর্থনৈতিক সেবাগুলি

**পূর্বের পেশা:** ক্ষুদ্র ব্যবসার মালিক

**শিক্ষা:** দর্শন

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** AdL

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** কোনোটিই নয়

**নিবন্ধিত দল:** রিপাবলিকান

# প্রার্থীদের তুলনা করুন

**আপনার কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়গুলি নিয়ে প্রার্থীদের কী দৃষ্টিভঙ্গি তা দেখতে আমাদের অনলাইন ভোটার গাইড দেখুন, এবং তারপরে তাদের মতামতগুলি পাশাপাশি তুলনা করুন।**

**এখানে স্ক্যান করুন বা bengali.nycvotes.org/compare-এ যান**

# প্রার্থীদের তুলনা করুন

এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, bengali.nycvotes.org/compare–এ যান।

আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে findmypollsite.vote.nyc–এ খুঁজুন।

| | কিথ পাওয়ারস (Keith Powers) গণতান্ত্রিক | ব্রায়ান রবিনসন (Brian Robinson) রিপাবলিকান, প্যারেন্ট পার্টি |
|---|---|---|
| **অপরাধ** | এটা অপরিহার্য যে আমরা জননিরাপত্তা জোরদার করি, মানসিক স্বাস্থ্য সমস্যা সমাধান করি এবং সফল পুনঃপ্রবেশ নীতিতে বিনিয়োগ করি। আমি জননিরাপত্তা মোকাবেলা করতে এবং আশেপাশের সমস্যাগুলিকে সমাধান করার জন্য স্থানীয় এলাকাগুলির সাথে আমাদের অংশীদারিত্ব তৈরি করা বজায় রাখব। | আমি নিশ্চিত করতে চাই যে অপরাধের শিকার ব্যক্তিদের অধিকারকে যাতে অগ্রাধিকার দেওয়া হয়, অপরাধীদের অধিকারকে নয়। আমি NYPD-কে সমর্থন করব, এবং আমাদের ওক ডিস্ট্রিক্ট অ্যাটর্নিদের বিরুদ্ধে দাঁড়াবো যারা অপরাধীদের রাস্তায় হাঁটতে দেয় যখন ভদ্র নাগরিকরা তাদের নিরাপত্তার জন্য ভয় পায়। |
| **মুদ্রাস্ফীতি** | অনিয়ন্ত্রিত খরচ এবং সামর্থ্যের উপর প্রভাবের ক্ষেত্রে আমাদের নিউ ইয়র্ক বাসী এবং আমাদের ক্ষুদ্র ব্যবসা উপর মুদ্রাস্ফীতির প্রভাব নিয়ন্ত্রণ করতে হবে। | আমি বিশ্বাস করি যে মুদ্রাস্ফীতি আজ শুধু সমাজের কম সুবিধাপ্রাপ্তদের জন্যই নয়, আমাদের সকলেরই মুখোমুখি একটি গুরুতর সমস্যা, এবং আমাদের নিশ্চিত করতে হবে যে প্রত্যেকেই যাতে তাদের সামর্থ্যের মূল্যে প্রয়োজনীয় জিনিসপত্র এবং পরিষেবা পায়। এটি একটা লুকানো ট্যাক্স যার বিরুদ্ধে আমাদের লড়তে হবে। |
| **গণতন্ত্র রক্ষা** | এমন একটি সময়ে যখন আমাদের গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলি দেশব্যাপী আক্রমণের মুখে রয়েছে, আমাদের নিশ্চিত করতে হবে যে আমরা আমাদের মুক্ত ও নিরাপদ নির্বাচন অধিকারকে বজায় রাখি এবং রক্ষা করি, ক্যাম্পেইনের অর্থায়নকে সমর্থন করি এবং কর্তৃত্ববাদী বক্তৃতার বিরুদ্ধে লড়াই করি। | গর্ভপাত নিরাপদ, আইনি এবং বিরল হওয়া উচিত। এটি ছিল মধ্যপন্থী ডেমোক্র্যাট নীতি, এবং অফিসে আমি থাকলে আমরা সাধারণ জ্ঞানে ফিরে আসব, এবং পছন্দ করার অধিকার মৌলবাদীদের কাছ থেকে রক্ষা করব যারা এটিকে নিয়ে রাজনীতি করবে। আমাদের যৌক্তিক মেয়াদের সীমা দরকার যার সমর্থন প্রতিটি নাগরিক করে। |

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 5

**গণতান্ত্রিক**

- জুলি মেনিন (Julie Menin) ✓

**রিপাবলিকান**

- এলিজাবেথ এ গোলুসিও (Elizabeth A Golluscio) ✓

✓ **যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য। পৃষ্ঠা 45-এ আরও জানুন**

**এই গাইডে সেই সকল প্রার্থীকে তালিকাভুক্ত করা হয়েছে যাদেরকে প্রকাশনার সময় ব্যালটে থাকার প্রত্যাশা করেছেন। প্রার্থীদের সবচেয়ে আপ-টু-ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিও খুঁজতে, এবং সমস্যার অবস্থান তুলনা করতে, bengali.nycvotes.org/candidates দেখুন।**



## জুলি মেনিন (Julie Menin) ✓

গণতান্ত্রিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. ক্রয়ক্ষমতা এবং জীবনের গুণমান
2. জননিরাপত্তা এবং স্যানিটেশন
3. সর্বজনীন স্কুল এবং শিক্ষার উন্নতি

*"আমি আমাদের কমিউনিটির জন্য ফলাফল প্রদান করার জন্য কঠোর পরিশ্রম করেছি। আমার নয়টি বিল আইনে স্বাক্ষর করা হয়েছে যার মধ্যে রয়েছে হাসপাতালগুলির তাদের দাম প্রকাশ করা, সার্বজনীন শিশু যত্নের অগ্রগতি এবং প্রজনন অধিকারকে কোডিফাই করা। আমি সমস্ত নিউ ইয়র্ক বাসীর জন্য লড়াই করার জন্য আমার অভিজ্ঞতা ব্যবহার করব যাতে আমাদের একটি শক্তিশালী, নিরাপদ এবং আরও ন্যায়সঙ্গত শহর থাকে।"*

**বর্তমান পেশা:** সিটি কাউন্সিলের সদস্য

**পূর্ববর্তী পেশাগুলি:** NYC কমিশনার অব দি ডিপার্টমেন্ট অব কনসিউমার অ্যাফেয়ার্স, NYC কমিশনার অব মিডিয়া এন্ড এন্টারটেইনমেন্ট, অ্যাটর্নি, স্মল বিসনেস ওউনার, নট-ফর-প্রফিট ফাউন্ডার এন্ড এডজাঁক্ট প্রফেসর এট কলম্বিয়া ইউনিভার্সিটি

**শিক্ষা:** কলম্বিয়া ইউনিভার্সিটি, B.A, নর্থওয়েস্টার্ন ইউনিভার্সিটি স্কুল অব লো, J.D.

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** বোর্ড অব ট্রাস্টি কলম্বিয়া ইউনিভার্সিটি, NYC কিডস রাইজের প্রতিষ্ঠাতা, বোর্ডের সদস্য 9/11 মেমোরিয়াল

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** NYC আদমশুমারির পরিচালক

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক



## এলিজাবেথ এ গোলুসিও (Elizabeth A Golluscio)

রিপাবলিকান

*“আমি *এখনও* NY কে ভালবাসি! বিগত কয়েক বছরে বিষয়গুলো নিয়ন্ত্রণের বাইরে চলে গেছে... এবং আমি আমাদের রাস্তাগুলিকে নিরাপদ এবং পরিষ্কার রাখতে, আমাদের স্থানীয় অর্থনীতিকে সমর্থন করতে, NYC সংস্থাগুলিতে দক্ষতা বাড়াতে এবং সরকারি বাড়াবাড়ি থেকে আমাদের ব্যক্তিগত স্বাধীনতাকে রক্ষা করতে আমার প্রযুক্তি, উদ্যোক্তা এবং ব্যবসায়িক দক্ষতার ব্যবহার করব।”*

**বর্তমান পেশা:** বেকার

**পূর্বের পেশা:** গার্টনার, ইনকর্পোরেটেডের ম্যানেজিং ভাইস প্রেসিডেন্ট।

**শিক্ষা:** কর্নেল (B.S., ইঞ্জিনিয়ারিং) এবং MIT (MBA)

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** মেডিকেল ফ্রিডম অ্যালায়েন্স

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** প্রযোজ্য নয়

**নিবন্ধিত দল:** রিপাবলিকান

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. অপরাধ এবং ইবাইকের বিশৃঙ্খলা হ্রাস করুন
2. ক্ষুদ্র ব্যবসা রক্ষা এবং সমর্থন করা
3. চিকিৎসার স্বাধীনতা বহাল রাখা নিশ্চিত করুন

# প্রার্থীদের ভিডিও দেখুন

**প্রার্থীদের বিষয়ে আরও জানতে আমাদের অনলাইন ভোটার গাইড দেখুন! আপনার ব্যালটে মজুদ প্রার্থীদের দেখতে আপনার ঠিকানাটি লিখুন, এবং তারপর প্রার্থীর ভিডিও দেখতে তাদের প্রোফাইলে যান।**

**এখানে স্ক্যান করুন বা bengali.nycvotes.org/candidates-এ যান**

# প্রার্থীদের তুলনা করুন

এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, **bengali.nycvotes.org/compare**–এ যান।

আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে **findmypollsite.vote.nyc**–এ খুঁজুন।

| | জুলি মেনিন (Julie Menin) ✓<br>গণতান্ত্রিক | এলিজাবেথ এ গোলুসিও (Elizabeth A Golluscio) ✓<br>রিপাবলিকান |
|---|---|---|
| **অপরাধ** | আমাদের অবশ্যই জননিরাপত্তার বাস্তবতা এবং উপলব্ধি উভয়ই পুনরুদ্ধার করতে হবে। গত বছরে আমাদের ডিস্ট্রিক্টে অপরাধ 20 শতাংশেরও বেশি কমেছে এবং আমি সফলভাবে NYPD পায়ে টহলদারি বাড়িয়েছি। আমি আমাদের শহরকে সুরক্ষিত রাখার জন্য শক্তিশালী সম্পদের জন্য সমর্থন চালিয়ে যাব। | বেকারত্ব, হতাশা এবং আসক্তির কারণে গত কয়েক বছরে অপরাধ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। আমাদের রাস্তা এবং পাতাল রেল নিরাপদ রাখতে আমরা কীভাবে NYPD-কে সমর্থন করতে পারি তা জানতে অনুগ্রহ করে মাসিক নির্বাচন-কেন্দ্রের এলাকার মিটিংয়ে যোগ দিন! |
| **মুদ্রাস্ফীতি** | ক্রমবর্ধমান খরচ আমাদের শহরে ক্রয়ক্ষমতার সংকটে অবদান রাখছে। আমার শীর্ষ মুখ্যচিন্তাগুলির মধ্যে একটি হল আমার চালান পাস করা যা নিউ ইয়র্কবাসীদের জন্য হাসপাতালগুলির তাদের দাম প্রকাশ করার জন্য স্বাস্থ্যসেবা খরচ কমিয়ে দেবে। এটি মুদ্রাস্ফীতির রেকর্ড বোঝা অফসেট করতে সাহায্য করবে। | 2020 সালের শুরু থেকে, ফেডারেল রিজার্ভ সিস্টেম ট্রিলিয়ন ডলার মুদ্রণ করেছে, যার বেশিরভাগই ধনী ব্যবসার কাছে গেছে যেগুলি লকডাউন করা হয়নি। NYC বিলিয়ন বিলিয়ন ব্যয় করেছে, তবুও আমাদের স্কুল এবং গুরুত্বপূর্ণ পরিষেবাগুলি বন্ধ হয়ে গেছে; আমাদের একটি সিটি কাউন্সিল দরকার যেটি একটি স্মার্ট বাজেট প্রদান করে! |
| **গণতন্ত্র রক্ষা** | 2020 সালের NYC-এর আদমশুমারির পরিচালক হিসাবে, আমি গর্বিত যে আমরা আদমশুমারিতে নাগরিকত্বের প্রশ্নে ট্রাম্প প্রশাসনের বিরুদ্ধে সর্বোচ্চ আদালতে আমাদের মামলা জিতেছি এবং অংশগ্রহণের ক্ষেত্রে সমস্ত বড় শহরগুলির মধ্যে #1 হতে সফল হয়েছি যার ফলে NYC-এর জন্য বিলিয়ন বিলিয়ন ডলার বরাদ্দ হয়েছে। | রাগ এবং উদাসীনতা একটি শক্তিশালী, ধ্বংসাত্মক সংমিশ্রণ, কিন্তু আমি এমন অনেকের সাথে কথা বলেছি যারা আর কোনো রাজনীতিবিদকে ভোট দিতে বা সমর্থন করতে চান না। নিউ ইয়র্কবাসীরা যাতে ভোট দিতে চায়, তা করার জন্য সহজে অ্যাক্সেস পায় এবং তাদের ভোট সঠিকভাবে গণনা করা হয় তা নিশ্চিত করার জন্য আমি যা করতে পারি তা করব। |

# nyc votes কে ফলো করুন

নির্বাচন সম্পর্কিত সমস্ত সাম্প্রতিক আপডেট পাওয়ার জন্য আপনি NYC Votes কে ফলো করতে পারেন!

**@nycvotes**

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 6

**গণতান্ত্রিক**

- গেল ব্রিউয়ার (Gale Brewer) ✓

**রিপাবলিকান, আর্টস অ্যান্ড কালচার, ক্লিনআপ NY**

- ডায়ান ডি স্ট্যাসিও (Diane di Stasio) ✓

**চিকিৎসার স্বাধীনতা**

- বারবারা সিম্পসন (Barbara Simpson)*

✓ **যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য। পৃষ্ঠা 45-এ আরও জানুন**

**এই গাইডে সেই সকল প্রার্থীকে তালিকাভুক্ত করা হয়েছে যাদেরকে প্রকাশনার সময় ব্যালটে থাকার প্রত্যাশা করেছেন। প্রার্থীদের সবচেয়ে আপ-টু-ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিও খুঁজতে, এবং সমস্যার অবস্থান তুলনা করতে, bengali.nycvotes.org/candidates দেখুন।**

* প্রার্থী এই মুদ্রিত ভোটার গাইডে অন্তর্ভুক্তির জন্য সময়মতো একটি সম্পূর্ণ প্রোফাইল জমা দেননি।



## গেল ব্রিউয়ার (Gale Brewer) ✓

গণতান্ত্রিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. সবার জন্য জননিরাপত্তা সম্যভাব আনা
2. সাশ্রয়ী মূল্যের আবাসন সংরক্ষণ এবং নির্মাণ করা
3. স্কুলের শ্রেষ্ঠত্ব; এর পরে চাকরি

*"জ্ঞান: বাজেট, জমির ব্যবহার, স্কুল, পুলিশ কমিউনিটির সম্পর্ক, পথচারীদের নিরাপত্তা, সাশ্রয়ী মূল্যের আবাসন, ঐতিহাসিক সংরক্ষণ, পরিবেশগত ন্যায়বিচার, পার্ক, বয়স বান্ধব কমিউনিটি, শিল্পকলা, নাগরিক তথ্য, ইন্টার্নশিপ, LGBTQ অধিকার, ইউনিয়ন/নির্মাণ নিরাপত্তা, বাইক/বাসের লেন। ঘৃণা/পক্ষপাতমূলক কাজের বিরোধিতা করা"*

**বর্তমান পেশা:** কাউন্সিলের সদস্য চেয়ারম্যান নজরদারি ও তদন্ত

**পূর্বের পেশা:** ম্যানহাটনের বরো সভাপতি (MBP) 2014-2021; কাউন্সিলের সদস্য 2002-2013 (চেয়ার টেকনোলজি, জেনারেল ওয়েলফেয়ার, গভর্নমেন্ট অপারেশন্স); আয়হীন প্রজেক্ট/CUNY; টেলিসিস কর্পোরেশন; প্রকাশনা বিভাগের অ্যাডভোকেট; মেয়রের ফেডারেল অফিস; মহিলাদের অবস্থা সম্পর্কে NYC কমিশন; কাউন্সিলের সদস্য মেসিঞ্জারের (Messinger) অফিস; লেফটেন্যান্ট গভর্নরের অফিস; সহকারী প্রফেসর হান্টার; বারুচ, মারফি ইনস্টিটিউট, বার্নার্ড

**শিক্ষা:** MPA, কেনেডি স্কুল, হার্ভার্ড; BA, কলম্বিয়া; বেনিংটন

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** ন্যাশনাল লীগ অব সিটিস; BID; এলেনরস লিগ্যাসি

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** Comm Bd 7; বোর্ডের সদস্য/অলাভজনক; NYSNWPC; কাউন্সিল; MBP

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক



## ডায়ান ডি স্ট্যাসিও (Diane di Stasio)

রিপাবলিকান, আর্টস অ্যান্ড কালচার, ক্লিনআপ NY

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. জননিরাপত্তা পুনরুদ্ধার সর্বাগ্রে।
2. নিউ ইয়র্ককে আরও সাশ্রয়ী করে তোলা।
3. শিক্ষার্থীরা যাতে সর্বদা অগ্রাধিকার পায় তা নিশ্চিত করা।

*"আমি সঙ্গীতের NEC এর একজন স্নাতক এবং প্রথম প্রজন্মের মেয়ে। ইতালীয় অভিবাসীরা। আমি কার্নেগি হলে পারফর্ম করেছি, একটি Emmy জিতেছি, কিংবদন্তি রে চার্লসের (Ray Charles) সাথে সহযোগিতা করেছি, এবং এলিসন ব্যালে ফাউন্ডেশন ইনকর্পোরেটেডের ব্যবস্থাপনা পরিচালক হিসেবে গত 10 বছর কাটিয়েছি। কিন্তু এখনও পর্যন্ত আমার সবচেয়ে বড় পাওয়া হল একজন মা হওয়া। একজন কর্মজীবী একক অভিভাবক হিসাবে, আমি অপরাধ, ক্ষোভ এবং ক্রমবর্ধমান খরচ আমাদের প্রতিদিনের জীবনে ফিরে আসতে দেখেছি। এটি সেই NYC নয় যার প্রেমে পড়েছিলাম এবং এটি সেই NYC নয় যেখানে আমি চাই যে আমার মেয়ে বা নাতনিরা বেড়ে উঠুক। আমাদের এমন নতুন নেতাদের প্রয়োজন যারা জননিরাপত্তা পুনরুদ্ধার করতে পারে, সর্বজনীন শিক্ষাকে উন্নত করতে পারে, এবং প্রতিটি কর্মরত নিউ ইয়র্কবাসীর জীবনকে আরও সাশ্রয়ী করে তুলতে পারে।"*

**বর্তমান পেশা:** EBF পরিচালন অধিকর্তা

**পূর্বের পেশা:** শিল্পী

**শিক্ষা:** NEC; পেন স্টেট

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** AGMA; AEA; ওয়েস্টসাইড কমিউনিটি অর্গানাইজেশন

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** প্রযোজ্য নয়

**নিবন্ধিত দল:** রিপাবলিকান

# নির্বাচন সম্পর্কিত সূচনা পান

**টেক্সট বা ইমেলের মাধ্যমে নির্বাচন সংক্রান্ত সূচনার জন্য সাইন আপ করুন! মুখ্য সময়সীমাগুলি এবং কখন ভোটপ্রদান করতে হবে সে সম্পর্কে আপ টু ডেট থাকুন।**

**এখানে স্ক্যান করুন বা nycvotes.org/stay-informed-এ যান**

# প্রার্থীদের তুলনা করুন

**এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, bengali.nycvotes.org/compare–এ যান।**

**আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে findmypollsite.vote.nyc–এ খুঁজুন।**

| | গেল ব্রিউয়ার (Gale Brewer) ✓<br>গণতান্ত্রিক | ডায়ান ডি স্ট্যাসিও (Diane di Stasio) ✓<br>রিপাবলিকান, আর্টস অ্যান্ড কালচার, ক্লিনআপ NY |
|---|---|---|
| **অপরাধ** | অপরাধ কমাতে, NYPD-কে কমিউনিটির সাথে কাজ করার জন্য আরও শক্তিশালী এবং সক্রিয় কৌশল তৈরি করতে হবে। এছাড়াও, জনগণকে তাদের কর্মের জন্য জবাবদিহি করতে হবে। | আমাদের রাস্তা, আমাদের স্কুল, আমাদের পার্ক, আমাদের কমিউনিটিগুলিকে আরও নিরাপদ, পরিষ্কার এবং আরও অ্যাক্সেসযোগ্য হতে হবে। মহামারীর পর থেকে আমরা শহরজুড়ে সহিংস অপরাধের 15% বৃদ্ধি দেখেছি। আইন প্রয়োগকারী সংস্থাগুলিকে তাদের কাজ করার জন্য প্রয়োজনীয় সরঞ্জাম এবং প্রশিক্ষণ দেওয়ার সময় এসে গেছে। |
| **মুদ্রাস্ফীতি** | NYC-কে অবশ্যই সরকারী সহায়তায় আবাসনের উচ্চ মূল্য এবং খাদ্য নিরাপত্তাহীনতার সমাধান করতে হবে। অ্যাপার্টমেন্টগুলিকে বাজারের বাইরে রাখা সরবরাহ সীমিত করে এবং দাম বাড়ায়। অবশ্যই থামাতে হবে। ফসল নগদ টাকায় ভাসছে, তাহলে কেন তারা দাম বাড়াচ্ছে? তারা করছে কারণ তারা পারে। মার্কআপ বৃদ্ধি মুদ্রাস্ফীতির মধ্যে একটি অবদানকারী। | COVID-19 আন্তর্জাতিক উৎপাদন ও সরবরাহ লাইনে সর্বনাশ করেছে। ফলে আমাদের কাছে কম পণ্যের চাহিদা বেশি। জোন্স অ্যাক্টের মতো পুরানো অর্থনৈতিক প্রতিবন্ধকতাগুলি খারিজ করা জন্য কাজ করা, ধ্বংসাত্মক বানিজ্যিক শুল্ক শেষ করার জন্য লড়াই করার মাধ্যমেই আমরা মুদ্রাস্ফীতি কম করতে পারি। |
| **গণতন্ত্র রক্ষা** | ভোটারদের প্রবেশাধিকার বৃদ্ধি ও রক্ষা করুন। নির্বাচন বোর্ডের ব্যালট মার্কিং ডিভাইসগুলির তত্ত্বাবধান করুন যেগুলি নমনীয় হতে হবে যাতে সমস্ত অংশগুলি কার্যকর হতে পারে। NYC-কে অবশ্যই সরকারী স্বচ্ছতার ক্ষেত্রে একজন নেতা হিসাবে চালিয়ে যেতে হবে তাই অবশ্যই তদন্ত বিভাগ এবং নজরদারি সংস্থাগুলিকে সম্পূর্ণ অর্থায়ন করতে হবে। প্রকাশ করার অনুপ্রেরণা জাগানো। | আমাদের গণতন্ত্র রক্ষার সর্বোত্তম উপায় হল নিউইয়র্কের প্রতিটি নাগরিকের ব্যালট বক্সে দ্রুত এবং সহজে অ্যাক্সেস নিশ্চিত করা। অনুপস্থিত ব্যক্তির এবং আগাম ভোট অবশ্যই প্রসারিত করতে হবে, সমস্ত ভোটদানের সুবিধাগুলি অবশ্যই ADA সম্মত হতে হবে এবং আমাদের শংসাপত্র প্রক্রিয়াকে সরলীকৃত এবং সুবিন্যস্ত করতে হবে। |

## বারবারা সিম্পসন (Barbara Simpson)*

চিকিৎসার স্বাধীনতা

প্রার্থী এই প্রশ্নের কোনো উত্তর জমা দেননি।

প্রার্থী এই প্রশ্নের উত্তর জমা দেননি।

প্রার্থী এই প্রশ্নের কোনো উত্তর জমা দেননি।

# আপনার ব্যালটের পরিকল্পনা করুন

আপনার প্রার্থী বাছাই শেষ? আপনার পোল সাইটে নিয়ে যাওয়ার জন্য আপনার পছন্দগুলি সংরক্ষণ করুন!

এখানে স্ক্যান করুন বা **bengali.nycvotes.org/plan-your-ballot**-এ যান

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 7

**গণতান্ত্রিক**

- শন আব্রু (Shaun Abreu) ✓

✓ **যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য।** **পৃষ্ঠা 45-এ আরও জানুন**

**এই গাইডে সেই সকল প্রার্থীকে তালিকাভুক্ত করা হয়েছে যাদেরকে প্রকাশনার সময় ব্যালটে থাকার প্রত্যাশা করেছেন। প্রার্থীদের সবচেয়ে আপ-টু-ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিও খুঁজতে, এবং সমস্যার অবস্থান তুলনা করতে, bengali.nycvotes.org/candidates দেখুন।**

* প্রার্থী এই মুদ্রিত ভোটার গাইডে অন্তর্ভুক্তির জন্য সময়মতো একটি সম্পূর্ণ প্রোফাইল জমা দেননি।



## শন আব্রু (Shaun Abreu) ✓

গণতান্ত্রিক

*"আমি পুনর্নির্বাচনে দাঁড়াচ্ছি যাতে যে জায়গাটি আমি ভালো মতো চিনি ও সারাজীবন ধরে ভালোবেসে এসেছি সেটিকে উপস্থাপিত করতে পারি। আমি আপার ওয়েস্ট সাইডে ও ওয়াশিংটন হাইটসে বড় হয়েছি, এবং ভাড়াটেদের অধিকার সংক্রান্ত আইনজীবী হিসেবে আমাদের কমিউনিটির প্রতিরক্ষার্থে নিজের পেশা বেছে নিয়েছি। সিটি কাউন্সিলে যোগদান করার পর থেকে, আমি সাশ্রয়ী আবাসন, বন্দুক এর সাহায্যে সহিংসতা দমন, আমাদের পরিবেশবান্ধব স্থান ফিরিয়ে আনা, পথচারীদের জন্য নিরাপদ রাস্তাঘাট ও মূল সিটি পরিষেবাগুলির জন্য অর্থায়ন করতে লড়েছি। সেই লড়াই চালিয়ে যাওয়া আমার কাছে যথেষ্ট সম্মানের হবে।"*

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. সাশ্রয়ী আবাসনে অ্যাক্সেস বাড়ানো।
2. ইঁদুর, বর্জ্য ও ভাড়া বাঁধা নিয়ন্ত্রণ করা।
3. স্কুল ও আইনি পরিষেবায় অর্থায়ন করা।

**বর্তমান পেশা:** কাউন্সিলের সদস্য

**পূর্ববর্তী পেশাগুলি:** টেন্যান্ট রাইটস আইনজীবী

**শিক্ষা:** জেডি, টুলেন ইউনিভার্সিটি; বিএ, কলাম্বিয়া ইউনিভার্সিটি

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** প্রাক্তন সদস্য, ম্যানহাটান কমিউনিটি বোর্ড 9

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** ন্যাশনাল লেবার রিলেশনস বোর্ড

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক

# প্রার্থীদের তুলনা করুন

এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, **bengali.nycvotes.org/compare**–এ যান।

আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে **findmypollsite.vote.nyc**–এ খুঁজুন।

## শন আব্রু (Shaun Abreu) ✓

গণতান্ত্রিক

| | |
|---|---|
| **অপরাধ** | আমাদেরকে সর্বাঙ্গীণভাবে অপরাধ দমন করতে হবে—যার মধ্যে সাশ্রয়ী ও সহায়ক আবাসন আরও বাড়ানো, মানসিক স্বাস্থ্য পরিষেবা ও স্থিতিশীলকরণের জন্য বেড রাখা, যুবগোষ্ঠীর জন্য প্রোগ্রামিং ও হিংসাত্মক অপরাধ দমন করায় NYPD-র জন্য সংস্থান দেওয়ায় অর্থায়ন করা অন্তর্ভুক্ত আছে। |
| **মুদ্রাস্ফীতি** | আমি মূল্যবৃদ্ধির মোকাবিলায় লক্ষিত প্রোগ্রামে বিনিয়োগ করা এবং যেখানে নিউ ইয়র্কবাসীরা আবাসন, খাবার ও পরিবহনে মূল্যবৃদ্ধির বোঝা সবথেকে বেশি বুঝতে পারছেন সেখানে খরচ কমাতে বিনিয়োগ করায় সমর্থন করি। |
| **গণতন্ত্র রক্ষা** | মানুষজনের পক্ষে ভোটদান আরও সহজ করতে হবে। আমি একই-দিনে রেজিস্ট্রেশন, আগে ভোটিদান বজায় রাখা এবং ভোট রেজিস্টার করে এমন সংস্থাগুলিকে অর্থায়ন করা সমর্থন করি। গণতন্ত্র রক্ষা করতে আমাদেরকে অবশ্যই গণতান্ত্রিক প্রক্রিয়াটিকে সুরক্ষিত রাখতে হবে। |

## প্রার্থীদের তুলনা করুন

**আপনার কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়গুলি নিয়ে প্রার্থীদের কী দৃষ্টিভঙ্গি তা দেখতে আমাদের অনলাইন ভোটার গাইড দেখুন, এবং তারপরে তাদের মতামতগুলি পাশাপাশি তুলনা করুন।**

**এখানে স্ক্যান করুন বা bengali.nycvotes.org/compare-এ যান**

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 8

**গণতান্ত্রিক**

- ডায়ানা আই আয়লা (Diana I Ayala) ✓

**রিপাবলিকান**

- এক্সোডাস এম গ্যারি (Exodus M Gary)*

✓ **যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য।** **পৃষ্ঠা 45-এ আরও জানুন**

**এই গাইডে সেই সকল প্রার্থীকে তালিকাভুক্ত করা হয়েছে যাদেরকে প্রকাশনার সময় ব্যালটে থাকার প্রত্যাশা করেছেন। প্রার্থীদের সবচেয়ে আপ-টু-ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিও খুঁজতে, এবং সমস্যার অবস্থান তুলনা করতে, bengali.nycvotes.org/candidates দেখুন।**

* প্রার্থী এই মুদ্রিত ভোটার গাইডে অন্তর্ভুক্তির জন্য সময়মতো একটি সম্পূর্ণ প্রোফাইল জমা দেননি।



## ডায়ানা আই আয়লা (Diana I Ayala) ✓

গণতান্ত্রিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. সাশ্রয়ী মূল্যের আবাসন রক্ষা এবং প্রসারিত করুন
2. মানসিক স্বাস্থ্য এবং ফৌজদারি বিচার
3. কর্মশক্তি বিকাশ

*“দক্ষিণ ব্রঙ্কস এবং পূর্ব হারলেম কমিউনিটিগুলি সংগ্রাম করছে এবং তাদের অবিরত নেতৃত্বের প্রয়োজন আছে যা তাদের অগ্রাধিকার দেবে। বর্তমান প্রতিনিধি হিসাবে, আমি ডিস্ট্রিক্টে অত্যন্ত প্রয়োজনীয় সংস্থানগুলি সরবরাহ করার জন্য কঠোর লড়াই করেছি এবং আগামী 2 বছরের মধ্যে এটি চালিয়ে যাওয়ার জন্য উন্মুখ”*

**বর্তমান পেশা:** পূর্ণ সময়ের প্রার্থী

**পূর্ববর্তী পেশাগুলি:** সিটি কাউন্সিলের সদস্য মেলিসা মার্ক-ভিভেরিটো (Melissa Mark-Viverito) ডেপুটি কর্মী প্রধান, কার্ভার হাউস সিনিয়র সেন্টারের পরিচালক, করসি হাউসের কেসওয়ার্কার

**শিক্ষা:** A. D. মানব সেবা

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** প্রযোজ্য নয়

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** প্রযোজ্য নয়

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক

# প্রার্থীদের তুলনা করুন

এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, bengali.nycvotes.org/compare–এ যান।

আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে findmypollsite.vote.nyc–এ খুঁজুন।

| | ডায়ানা আই আয়লা (Diana I Ayala) ✓<br>গণতান্ত্রিক | এক্সোডাস এম গ্যারি (Exodus M Gary)*<br>রিপাবলিকান |
|---|---|---|
| **অপরাধ** | বছরের পর বছর ধরে বিনিয়োগ অপসারণের লক্ষণ হলো অপরাধ। অপরাধ মোকাবেলা করার জন্য, আমাদের মূল কারণটি নষ্ট করতে হবে। আমাদের কর্মশক্তির বিকাশে পর্যাপ্ত অর্থায়ন করতে হবে এবং মধ্যবিত্তদের জন্য পাইপলাইন তৈরি করতে হবে। | প্রার্থী এই প্রশ্নের উত্তর জমা দেননি। |
| **মুদ্রাস্ফীতি** | ক্রমবর্ধমান মুদ্রাস্ফীতির হার খাদ্য, আবাসন, ইন্ধন এবং আরও অনেক কিছুতে বর্ধিত খরচে পরিবর্তিত হয়। পরিবারগুলি খাদ্য নিরাপত্তাহীন এবং সামাল দিতে অক্ষম। সেফটি নেট পরিষেবাগুলিতে সহজ অ্যাক্সেস নিশ্চিত করার দায়িত্ব আমাদের রয়েছে যা লোকেদের খাদ্য এবং বাসস্থান প্রদান করে। | প্রার্থী এই প্রশ্নের উত্তর জমা দেননি। |
| **গণতন্ত্র রক্ষা** | আমরা যদি সত্যিই আমাদের গণতন্ত্র রক্ষা করতে আগ্রহী হই, তাহলে আমাদের ভোটদানকারী কমিউনিটির আস্থা আকর্ষণ করতে ও ধরে রাখতে হবে। প্রতিদিনের নিউ ইয়র্ক বাসীদের কণ্ঠস্বর এবং সমস্যাগুলি কমিউনিটির সাথে সামনের দিকে এবং কেন্দ্রে থাকা দরকার। | প্রার্থী এই প্রশ্নের কোনো উত্তর জমা দেননি। |

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 9

**গণতান্ত্রিক**

- ইউসেফ সালাম (Yusef Salaam) ✓

✓ **যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য। পৃষ্ঠা 45-এ আরও জানুন**

**এই গাইডে সেই সকল প্রার্থীকে তালিকাভুক্ত করা হয়েছে যাদেরকে প্রকাশনার সময় ব্যালটে থাকার প্রত্যাশা করেছেন। প্রার্থীদের সবচেয়ে আপ-টু-ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিও খুঁজতে, এবং সমস্যার অবস্থান তুলনা করতে, bengali.nycvotes.org/candidates দেখুন।**

* প্রার্থী এই মুদ্রিত ভোটার গাইডে অন্তর্ভুক্তির জন্য সময়মতো একটি সম্পূর্ণ প্রোফাইল জমা দেননি।

---



## ইউসেফ সালাম (Yusef Salaam) ✓

গণতান্ত্রিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. আরও সাশ্রয়ী মূল্যের আবাসন নির্মাণ করা
2. অপরাধের পথ কমানো
3. পাবলিক স্কুল শিক্ষার উন্নতি

*"এই ক্যাম্পেইনটি একটি মুহূর্তের কথা নয়, বরং একটি আন্দোলন। একটি আন্দোলন যা দেখায় যে এই শহরটি কতদূর এসেছে এবং যাবে। আমি হারলেম-এর মানুষ এবং আমি আমার কমিউনিটির সেবা করার জন্য এবং নিউ ইয়র্ক সিটি কাউন্সিল 9তম ডিস্ট্রিক্ট প্রতিনিধিত্ব করার জন্য উন্মুখ।"*

**বর্তমান পেশা:** লেখক

**পূর্ববর্তী পেশাগুলি:** নর্থওয়েল হেলথের ওয়্যারলেস যোগাযোগ পরিচালক

**শিক্ষা:** ডাচেস কমিউনিটি কলেজ - সামাজিক বিজ্ঞান বিষয়ে শিল্প ও বিজ্ঞানের অ্যাসোসিয়েট 1991-1993

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** ফ্রেডরিক ই. স্যামুয়েল কমিউনিটি ডেমোক্রেটিক ক্লাব

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** এক্টিভিস্ট

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক

# প্রার্থীদের তুলনা করুন

এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, **bengali.nycvotes.org/compare**–এ যান।

আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে **findmypollsite.vote.nyc**–এ খুঁজুন।

## ইউসেফ সালাম (Yusef Salaam) ✓

গণতান্ত্রিক

| | |
|---|---|
| **অপরাধ** | হারলেম-এর নিরাপদ রাস্তা প্রাপ্য। তবুও আমরা ন্যায়বিচারের সঙ্গে আপস করে নিরাপদ বোধ করার জন্য দ্রুত সমাধানগুলি অনুসরণ করতে পারি না, আমাদের অবশ্যই হারলেম-কে নিরাপদ বানানোর জন্য প্রয়োজনীয় সংস্থানগুলিতে বিনিয়োগ করতে হবে। আমাদের অবশ্যই ন্যায়সঙ্গত নিরাপত্তা ব্যবস্থা প্রণয়ন করতে হবে যা হারলেম-কে সুরক্ষিত রাখে এবং আমাদের গ্রামের অধিকারকে সম্মান করা হয় তা নিশ্চিত করে। |
| **মুদ্রাস্ফীতি** | দাম অনেক বেশি, কিন্তু মুদ্রাস্ফীতি একটি জাতীয় সমস্যা যা নিয়ন্ত্রণ করতে সিটি কাউন্সিলের সামর্থ্য খুবই কম। নির্বাচিত হলে, আমি আমাদের ফেডারেল অফিসিয়ালদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করব যাতে সুদের হার এবং সাপ্লাই চেইন সমস্যাগুলির উপর পদক্ষেপ নেওয়ার জন্য অনুরোধ করা যায় যা সমস্যার উপর অর্থপূর্ণ প্রভাব ফেলবে। |
| **গণতন্ত্র রক্ষা** | আমরা গণতন্ত্র প্রবেশাধিকার প্রসারিত করে এটি রক্ষা করবো। আমাদের অবশ্যই সকল ব্যক্তিকে ভোট দেওয়ার অনুমতি দিতে হবে, যাদের মধ্যে কারাবন্দী বা নথিভুক্ত নয় তারাও অন্তর্ভুক্ত, স্বয়ংক্রিয় ভোটার নিবন্ধনের অনুমতি দিতে হবে এবং অনুপস্থিত ব্যক্তির ব্যালট ব্যবহার প্রসারিত করতে হবে। |

## প্রার্থীদের ভিডিও দেখুন

**প্রার্থীদের বিষয়ে আরও জানতে আমাদের অনলাইন ভোটার গাইড দেখুন! আপনার ব্যালটে মজুদ প্রার্থীদের দেখতে আপনার ঠিকানাটি লিখুন, এবং তারপর প্রার্থীর ভিডিও দেখতে তাদের প্রোফাইলে যান।**

**এখানে স্ক্যান করুন বা bengali.nycvotes.org/candidates-এ যান**

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 10

**ডেমোক্রেটিক, ওয়ার্কিং ফ্যামিলিস**

- কারমেন এন ডি লা রোজা (Carmen N De La Rosa) ✓

✓ যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য। পৃষ্ঠা 45-এ আরও জানুন

এই গাইডে সেই সকল প্রার্থীকে তালিকাভুক্ত করা হয়েছে যাদেরকে প্রকাশনার সময় ব্যালটে থাকার প্রত্যাশা করেছেন। প্রার্থীদের সবচেয়ে আপ-টু-ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিও খুঁজতে, এবং সমস্যার অবস্থান তুলনা করতে, bengali.nycvotes.org/candidates দেখুন।



## কারমেন এন ডি লা রোজা (Carmen N De La Rosa) ✓

ডেমোক্রেটিক, ওয়ার্কিং ফ্যামিলিস

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. ভাড়াটেদের রক্ষা করা এবং স্থানচ্যুতি বন্ধ করা।
2. মানসম্মত শিক্ষায় প্রবেশাধিকার।
3. শ্রমিকের অধিকার।

*“কারমেন দে লা রোসা শৈশবে ডোমিনিকান রিপাবলিক থেকে চলে আসেন এবং ইনউড-এ বড় হন। 2016 সালে, কারমেন 72তম ডিস্ট্রিক্ট অ্যাসেম্বলির সদস্য নির্বাচিত হন। তিনি $2.1 বিলিয়নে নিউ ইয়র্ক ড্রিম অ্যাক্ট এবং এক্সক্লুডেড ওয়ার্কার্স ফান্ড পাস করেছিলেন।*

*2021 সালে, কারমেন সিটি হলে ডিস্ট্রিক্ট 10-এর প্রতিনিধিত্ব করার জন্য প্রথম নির্বাচিত মহিলা হয়েছিলেন। তিনি আমাদের কমিউনিটিকে স্থানচ্যুতি থেকে রক্ষা করতে, আমাদের ফৌজদারি বিচার ব্যবস্থার ত্রুটিগুলি দূর করতে, আমাদের সামাজিক নিরাপত্তা বিস্তারগুলি প্রসারিত করতে, আমাদের শিক্ষা ব্যবস্থাকে ঠিক করতে এবং ফ্রন্টলাইন কর্মীদের এবং ক্ষুদ্র ব্যবসা রক্ষা করার জন্য লড়াই করছেন।”*

**বর্তমান পেশা:** সিটি কাউন্সিলের সদস্য

**পূর্ববর্তী পেশাগুলি:** নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলির সদস্য

**শিক্ষা:** ফোর্ডহ্যাম ইউনিভার্সিটি

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** নর্দার্ন ম্যানহাটন ডেমোক্র্যাটস ফর চেঞ্জ

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** আজীবন জনতার সেবক যে/যারা শ্রমিক শ্রেণীর সুরক্ষা ও ক্ষমতায়নের জন্য কাজ করে। প্রাক্তন NYS অ্যাসেম্বলির সদস্য

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক

# প্রার্থীদের তুলনা করুন

এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, **bengali.nycvotes.org/compare**–এ যান।

আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে **findmypollsite.vote.nyc**–এ খুঁজুন।

## কারমেন এন ডি লা রোজা (Carmen N De La Rosa)

ডেমোক্রেটিক, ওয়ার্কিং ফ্যামিলিস

| | |
|---|---|
| **অপরাধ** | প্রত্যেকেরই একটি নিরাপদ কমিউনিটিতে বসবাস করার অধিকার আছে। যেহেতু আমরা পদ্ধতিগত বর্ণবাদ এবং জনকারাবাসের বিরুদ্ধে লড়াই করি, আমাদের অবশ্যই কমিউনিটি-কেন্দ্রিক জননিরাপত্তা উদ্যোগে বিনিয়োগ করতে হবে যেমন সহিংসতার হস্তক্ষেপ সংক্রান্ত প্রোগ্রাম, সামাজিক পরিষেবা, চাকরি এবং যুবকদের জন্য স্কুল-পরবর্তী প্রোগ্রামগুলি। |
| **মুদ্রাস্ফীতি** | জীবনযাত্রার পরিব্যয় আকাশ ছোঁয়া হয়েছে। ম্যানহাটন-এর সাধারণ এপার্টমেন্টের ভাড়া বেড়ে মাস প্রতি $5,186 হয়েছে। কোটিপতির সংখ্যা বাড়ার সাথে সাথে কর্মজীবী পরিবার এবং অভিবাসী কমিউনিটিগুলি জীবনের প্রয়োজন পূরণের জন্য লড়াই করে। আমি আয় বৈষম্য এবং সামাজিক পরিষেবাগুলিকে অগ্রাধিকার দিতে থাকব। |
| **গণতন্ত্র রক্ষা** | সাম্প্রতিক একটি রিপোর্টে 167টি দেশের মধ্যে U.S. 25তম সবচেয়ে গণতান্ত্রিক দেশ হিসেবে স্থান দেওয়া হয়েছে এবং "ত্রুটিপূর্ণ গণতন্ত্র" বিভাগে রয়ে গেছে। আমি একটি সহ-শাসন পদ্ধতির মাধ্যমে জনগণের সাথে শাসন করতে এবং আমাদের গণতন্ত্র উপর ডানপন্থী আক্রমণের বিরোধিতা করতে প্রতিশ্রুতিবদ্ধ। |

## nyc votes কে ফলো করুন

**নির্বাচন সম্পর্কিত সমস্ত সাম্প্রতিক আপডেট পাওয়ার জন্য আপনি NYC Votes কে ফলো করতে পারেন!**

**@nycvotes**

# নির্বাচন সম্পর্কিত সূচনা পান

**টেক্সট বা ইমেলের মাধ্যমে নির্বাচন সংক্রান্ত সূচনার জন্য সাইন আপ করুন!**
**মুখ্য সময়সীমাগুলি এবং কখন ভোটপ্রদান করতে হবে সে সম্পর্কে আপ টু ডেট থাকুন।**

**এখানে স্ক্যান করুন বা**
**nycvotes.org/stay-informed-এ যান**

# আপনার ব্যালটের পরিকল্পনা করুন

আপনার প্রার্থী বাছাই শেষ? আপনার পোল সাইটে নিয়ে যাওয়ার জন্য আপনার পছন্দগুলি সংরক্ষণ করুন!

এখানে স্ক্যান করুন বা **bengali.nycvotes.org/plan-your-ballot**-এ যান

# শরৎকালের 2023 ব্যালট প্রস্তাবনাসমূহ


### ব্যালট প্রস্তাব কি?

এই নির্বাচনের প্রস্তাবনাসমূহ স্টেট সংবিধানের সংশোধনের জন্য। এই শরৎকালের ব্যালটে রাজ্যব্যাপী দুটি প্রস্তাবনাসমূহ রয়েছে।

আপনি এই প্রতিটি প্রস্তাবনাসমূহে “হ্যাঁ” বা “না” ভোটপ্রদান করতে পারেন। ব্যালট প্রস্তাবনাসমূহ অনুমোদিত হয় যদি সেগুলি ভোটের সংখ্যাগরিষ্ঠতা পায়।

### ব্যালটে এইসব প্রস্তাবনাসমূহ কেন রয়েছে?

নিউ ইয়র্ক স্টেটের আইনসভা নিউ ইয়র্কবাসীদের ভোট দেওয়ার জন্য রাজ্যব্যাপী ব্যালট ব্যবস্থা প্রস্তাব করে এবং পাস করে।



# ব্যালট প্রস্তাবনা 1

# বিশেষ সাংবিধানিক ঋণ সীমাবদ্ধতা থেকে ছোট সিটি স্কুল ডিস্ট্রিক্টগুলিকে অপসারণ করা

## ব্যালটে আপনি যা দেখতে পাবেন

সংবিধানের অনুচ্ছেদ 8, ধারা 4-এর প্রস্তাবিত সংশোধনী এখন ছোট সিটি স্কুল ডিস্ট্রিক্টগুলির উপর রাখা বিশেষ সাংবিধানিক ঋণের সীমাবদ্ধতাকে সরিয়ে দেয়, তাই তাদের অন্যান্য সমস্ত স্কুল ডিস্ট্রিক্টের মতোই বিবেচনা করা হবে। প্রস্তাবিত সংশোধনী কি অনুমোদিত হবে?

### প্রস্তাবনার সারাংশ:

এই সাংবিধানিক সংশোধনীটি ছোট সিটি স্কুল ডিস্ট্রিক্টের জন্য বিশেষ ঋণ সীমা অপসারণ করে। সমস্ত স্কুল ডিস্ট্রিক্টের জন্য ঋণের সীমা রাষ্ট্রীয় আইনে প্রতিষ্ঠিত হবে।

একটি ছোট সিটি স্কুল ডিস্ট্রিক্ট হল সে যে একটি ছোট শহরের অন্তত অংশ অন্তর্ভুক্ত করে। একটি ছোট শহর হল একটি শহর যেখানে এক লাখ পঁচিশ হাজারেরও কম লোক রয়েছে।

একটি ছোট সিটি স্কুল ডিস্ট্রিক্ট কতটা ঋণ বহন করতে পারে তা রাজ্যের সংবিধান সীমাবদ্ধ করে। তাদের ঋণ ডিস্ট্রিক্টের করযোগ্য রিয়েল এস্টেটের মূল্যের পাঁচ শতাংশের বেশি হতে পারে না। কিছু খরচের জন্য ব্যতিক্রম রয়েছে। অন্যান্য স্কুল ডিস্ট্রিক্টগুলি সাংবিধানিক ঋণ সীমাবদ্ধতার আধীন নয়, তবে রাষ্ট্রীয় আইন দ্বারা প্রদত্ত একটি ভিন্ন ঋণ সীমা রয়েছে। রাষ্ট্রীয় আইন বলে যে তাদের ঋণ করযোগ্য প্রকৃত সম্পত্তির মূল্যের দশ শতাংশের বেশি হতে পারে না। এই সাংবিধানিক সংশোধনী পাস হলে, ছোট সিটি স্কুল ডিস্ট্রিক্টগুলি আইন প্রণয়নের মাধ্যমে প্রণীত অন্যান্য স্কুল ডিস্ট্রিক্টের মতো একই ঋণ সীমা পাওয়ার যোগ্য হবে।

### যদি এই প্রস্তাবনাটি পাস হয়:

ছোট সিটি স্কুল ডিস্ট্রিক্টগুলি অন্যান্য স্টেটের স্কুল ডিস্ট্রিক্টগুলির মতো আইনের মাধ্যমে প্রণীত একই ঋণ সীমা থাকার যোগ্য হবে।

# ব্যালট প্রস্তাবনা 2

# পয়ঃনিষ্কাশন প্রকল্পের ঋণ ঋণ সীমা থেকে বর্জন করা

## ব্যালটে আপনি যা দেখতে পাবেন

সংবিধানের অনুচ্ছেদ 8, ধারা 5-এর প্রস্তাবিত সংশোধনীটি কাউন্টি, শহর, নগর এবং গ্রামের কর্তৃত্বকে তাদের সাংবিধানিক ঋণ সীমাবদ্ধতা থেকে পয়ঃনিষ্কাশন সুবিধা নির্মাণের জন্য ঋণ থেকে সরানোর ক্ষমতা দশ বছরের জন্য প্রসারিত করে। প্রস্তাবিত সংশোধনী কি অনুমোদিত হবে?

## প্রস্তাবনার সারাংশ:

সংবিধান কাউন্টি, শহর, নগর এবং গ্রামগুলির বহন করতে পারা ঋণ সীমাবদ্ধ করে। এই ঋণ সীমার মধ্যে পয়ঃনিষ্কাশন এবং নিষ্পত্তি নির্মাণ প্রকল্পের ঋণ অন্তর্ভুক্ত নয়। নর্দমা ঋণের ব্যতিক্রমের মেয়াদ 1 জানুয়ারী, 2024-এ শেষ হবে। এই সংশোধনীটি 1 জানুয়ারী, 2034 পর্যন্ত আরও দশ বছরের জন্য নর্দমা ঋণের ব্যতিক্রম প্রসারিত করে।

প্রস্তাবিত সংশোধনী সংবিধানের অনুচ্ছেদ 8 এর ধারা 5 কে পরিবর্তন করে এটি করে।

## যদি এই প্রস্তাবনাটি পাস হয়:

সংবিধান কাউন্টি, শহর, নগর এবং গ্রামগুলিকে ঋণের পরিমাণ থেকে পয়ঃনিষ্কাশন, চিকিৎসা এবং নিষ্পত্তির খরচ বাদ দেওয়া আরও 10 বছর পর্যন্ত অব্যাহত রাখবে।

# NYC Votes সম্পর্কে

**NYC Votes হচ্ছে নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফাইন্যান্স বোর্ডের একটি উদ্যোগ, একটি স্বতন্ত্র সিটি এজেন্সি যা নিশ্চিত করে যে স্থানীয় নির্বাচনগুলি যাতে ন্যায্য, সর্বব্যাপী এবং উন্মুক্তভাবে হয়।**

আমরা ভোটার ও প্রার্থীদের মধ্যে অংশগ্রহণ করার ব্যাপারটিকে সমানভাবে উৎসাহ দেই যাতে আমাদের নির্বাচিত কর্মকর্তারা আমাদের বিভিন্ন কমিউনিটির চাহিদাগুলি এবং ভোটাররা যে বিষয়গুলি নিয়ে চিন্তা করেন সেগুলির সমাধান করতে পারেন।

নিউ ইয়র্কের এমন বাসিন্দা যারা ভোটদান করতে চান না তাদের ক্ষমতায়ণ করার মাধ্যমে, অফিসের জন্য প্রতিদ্বন্দ্বিতা করার ক্ষেত্রে বাঁধাগুলি হ্রাস করার মাধ্যমে, এবং আমাদের নির্বাচন ব্যবস্থা উন্নয়নের জন্য সমাধান প্রদান করার মাধ্যমে আমরা এটি করে থাকি। শহরব্যাপী ভোটারদের নিবন্ধিত করতে, শিক্ষা প্রদান করতে এবং অংশগ্রহণ করাতে NYC Votes কমিউনিটির প্রতিষ্ঠান, স্বেচ্ছাসেবক, এবং অন্যান্য সিটি এজেন্সিগুলির সঙ্গে অংশীদারত্ব করে। আমাদের লক্ষ্য হল আমাদের নির্বাচন কীভাবে কাজ করে এবং কেন সেগুলি গুরুত্বপূর্ণ সে সম্পর্কে একটি সৎ সংলাপের মাধ্যমে সমস্ত নিউ ইয়র্কবাসীর জন্য নির্বাচনী প্রক্রিয়া সম্পর্কে আরও বৃহত্তর ধারণা তৈরি করা।

1988 সালে প্রতিষ্ঠিত, এজেন্সিটি নিউ ইয়র্কের অধিবাসীদের, তাদের ব্যালটের প্রার্থীদের সম্পর্কে তথ্য এবং কীভাবে তাদের ক্যাম্পেইন ফান্ডিং করা হবে, এই সম্পর্কে প্রস্তুত করে। আমাদের ম্যাচিং ফান্ড প্রোগ্রাম লোকাল ডোনারের কাছ থেকে প্রতি $1 সিটি ফান্ডিংয়ের $8 পর্যন্তর সাথ মেলায়, যা সিটির প্রার্থীদের স্পেশাল ইন্টারেস্টের পরিবর্তে তাদের কমিউনিটিগুলিতে ফোকাস করতে উৎসাহিত করে।

## ম্যাচিং ফান্ডস প্রোগ্রাম

**শহরের প্রার্থীদের প্রতি আপনার অবদান আরও বেশি কাজে লাগে যখন আপনি এমন প্রার্থীদের সমর্থন করেন যারা শহরের ম্যাচিং ফান্ডস প্রোগ্রামে অংশগ্রহণ করেন। শহরের বাসিন্দাদের তরফ থেকে অংশগ্রহণকারী প্রার্থীদের প্রতি অনুদান $8-থেকে-$1-এর হিসাবে মিলানো যেতে পারে। তার মানে আপনি যখন $10 অবদান রাখেন, তখন প্রার্থী $90 পান।**

এই প্রোগ্রামটি নিশ্চিত করতে সাহায্য করে যে ক্যাম্পেইনগুলি যাতে নিউ ইয়র্ক বাসীদের কাছ থেকে ছোট ডলারের অনুদান দ্বারা ফান্ড করা হয়, বিশেষ স্বার্থ দ্বারা নয়। এর মানে হচ্ছে এও যে, যে প্রার্থীরা ধনী নন কিন্তু তাদের শক্তিশালী কমিউনিটির সমর্থন আছে তারা প্রতিদ্বন্দ্বিতা করে আরও বৈচিত্র্যময় এবং প্রতিনিধিত্বমূলক সরকার তৈরি করার সামর্থ্য রাখতে পারেন। নিউ ইয়র্ক সিটির 2021 সালের নির্বাচনে, স্থানীয় প্রার্থীদের 83% এরও বেশি বলেছিলেন যে অফিসের জন্য প্রতিদ্বন্দ্বিতা করার তাদের ক্ষমতার জন্য ম্যাচিং ফান্ডসই চাবিকাঠি ছিল।

**অবদান রাখুন**
**contribute.nycvotes.org-এ**

# সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নাবলী

## সাধারণ

### সাধারণ নির্বাচন কী?

সাধারণ নির্বাচনে, নির্বাচিত অফিস জয় করার জন্য বিভিন্ন দল থেকে প্রার্থীরা প্রতিযোগিতা করে। ব্যালটে উল্লেখিত প্রত্যেকটি অফিসের জন্য আপনি যে কোন প্রার্থী কিংবা দলকে ভোটদান করতে পারবেন। আপনি প্রস্তাবিত ব্যালটে "হ্যাঁ" কিংবা "না" ভোট করতে পারেন। যে সকল ভোটারগণ সময়সীমার মধ্যে নিবন্ধিত হবেন, শুধুমাত্র তাঁরা সাধারণ নির্বাচনে ভোটদানের যোগ্য বলে বিবেচিত হবেন।

### আমি ভোটপ্রদান করতে নিবন্ধন করেছি কি না তা কীভাবে যাচাই করতে পারবো?

**voterlookup.elections.ny.gov**-এ যান বা **866-VOTE-NYC (866-868-3692)** বা শ্রবণ প্রতিবন্ধীদের জন্য **TTY 212-487-5496**-এ NYC নির্বাচন বোর্ডে কল করুন।

### যদি গত ভোটপ্রদানের পর আমি নিউ ইয়র্ক সিটির ভেতরেই নিবাসস্থান পরিবর্তন করে থাকি?

আপনি যদি নিবাসস্থান পরিবর্তন করে থাকেন, তবে নতুন ভোটার নিবন্ধন ফর্ম নির্বাচন বোর্ডে জমা দিয়ে আপনার ঠিকানা পরিবর্তন করবেন। আপনার ঠিকানা পরিবর্তন **23 অক্টোবরের** মধ্যে নির্বাচন বোর্ডের (Board of Elections) কাছে পৌঁছে যেতে হবে। শ্রবণ প্রতিবন্ধীদের জন্য আপনার ঠিকানা পরিবর্তন প্রক্রিয়া করা হয়েছে কিনা তা জানতে **866-VOTE-NYC (866-868-3692)** বা **TTY 212-487-5496**-এ কল করুন। যদি আপনার ঠিকানা এখনও আপডেট করা না হয়, তাহলে আপনি আপনার পোল সাইটে এফিডেভিট ব্যালটের অনুরোধ করে আপনার নতুন ঠিকানায় নির্ধারিত পোল সাইটে ভোট দিতে পারেন।

## ডাকযোগে ভোট দিন

### অনুপস্থিত ব্যক্তির ব্যালট অনুরোধ করার বৈধ কারণগুলি কী?

আপনি অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধ করতে পারেন যদি আপনি নির্বাচনের দিন নিউ ইয়র্ক সিটি থেকে দূরে থাকেন, যদি অসুস্থতা বা শারীরিক অক্ষমতা থাকে, যদি অসুস্থ বা শারীরিকভাবে অক্ষম ব্যক্তিদের জন্য প্রাথমিক যত্ন প্রদানকারী হন, যদি একজন ভেটেরান হেলথ অ্যাডমিনিস্ট্রেশন হাসপাতালের বাসিন্দা বা রোগী হন, বা আপনি যদি কারাবাসে (একটি অপরাধের দোষী সাব্যস্ত হওয়া ছাড়া অন্য কোনো কারণে) বা বিচারের অপেক্ষায় থাকেন। আপনি আপনার অনুপস্থিত ব্যক্তির ব্যালট অনুরোধ ফর্মে আপনার কারণ চিহ্নিত করতে পারেন।

### যদি আমি অনুপস্থিত ব্যক্তির ব্যালটের জন্য অনুরোধ করে থাকি, তবেও কি আমার সশরীরে ভোট দেওয়ার যোগ্যতা থাকবে?

আপনি যদি একটি অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধ করেন, তাহলে আপনার এটি দিয়েই ভোট দেওয়ার পরিকল্পনা করা উচিত। ভোট চালু থাকাকালীন আপনার পূরণ করা অনুপস্থিত ব্যক্তির ব্যালট যেকোনো ভোটকেন্দ্রে আপনি পৌঁছে দিতে পারবেন। তবে, যদি আপনি অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধ করার পরেও সশরীরে ভোট দিতে চান তবে আপনাকে আপনার পোল সাইটে একটি এফিডেভিট ব্যালট দিয়ে ভোট দিতে হবে। এই ব্যালটটি দেখতে ভিন্ন হবে। যদি প্রয়োজন হয় তাহলে একজন ভোট কর্মীর সহায়তা চান।

### আমি যদি আমার ব্যালট ডাকযোগে পাঠাই তাহলে কি আমাকে স্ট্যাম্প ব্যবহার করতে হবে?

না, আপনাকে স্ট্যাম্প যোগ করতে হবে না। তবে, যত তাড়াতাড়ি সম্ভব আপনার ব্যালট ফেরত পাঠানোর বিষয়টি ভুলবেন না। এটিকে নির্বাচনের দিনের মধ্যে পোস্টমার্ক করতে হবে এবং বৈধ হওয়ার জন্য 14 নভেম্বরের মধ্যে কাউন্টি বোর্ড দ্বারা প্রাপ্ত হতে হবে।

### আমি কি আমার পোল সাইটে আমার অনুপস্থিত ব্যক্তির ব্যালট পৌঁছে দিতে পারি?

হ্যাঁ! আপনি যেকোনো NYC পোল সাইটে বা নির্বাচন বোর্ডের অফিসে আপনার সম্পূর্ণ করা অনুপস্থিত ব্যক্তির ব্যালটটি গিয়ে পৌঁছে দিতে পারেন। ব্যালট বক্সগুলো ফ্রন্টডেস্কে থাকবে। আপনাকে পোস্টেজ যোগ করতে হবে না।

### আমি আমার ব্যালট ফেরত দেওয়ার পরে ট্র্যাক করতে পারি কি?

হ্যাঁ! **nycabsentee.com/tracking**-এ যান।

### যদি আমার অনুপস্থিত ব্যক্তির ব্যালটে কোন সমস্যা থাকে তাহলে কী হবে? আমি কি এটা ঠিক করার সুযোগ পাব?

যদি আপনার ব্যালটের খামে স্বাক্ষর অনুপস্থিত বা ভুল স্বাক্ষরের মত সংশোধনযোগ্য ত্রুটি থাকে, তাহলে সে সম্পর্কে আপনাকে অবহিত করতে নির্বাচন বোর্ড আইনত বাধ্য। যদি আপনার ব্যালটে সংশোধনযোগ্য ত্রুটি থাকে, তাহলে ত্রুটি খুঁজে পাওয়ার 1 দিনের মধ্যে ডাকযোগে, ইমেইলে এবং ফোন (যদি উপলব্ধ থাকে) দ্বারা তারা আপনার সাথে যোগাযোগ করবে। তারপরে একটি স্বাক্ষরিত নিশ্চিতকরণ ফেরত দিয়ে ত্রুটি সংশোধন করার জন্য আপনার কাছে 7 কার্যদিবস পর্যন্ত সময় থাকবে।

# আরো প্রশ্ন আছে কি?

bengali.nycvotes.org/faqs-এ যান!

এছাড়াও আপনি আমাদের nycvotes@nyccfb.info-এ ইমেইল করতে পারেন, অথবা Instagram, Twitter, Facebook, বা Reddit (@nycvotes)-এ আমাদের মেসেজ করতে পারেন।

## নির্বাচন বোর্ডের সঙ্গে আপনার তথ্য আপডেট করুন।

নিউ ইয়র্ক সিটি নির্বাচন বোর্ড দ্বারা তদারকি করা নিবন্ধিত ভোটারদের তালিকা থেকে আমরা আপনার নাম এবং ঠিকানা পেয়েছি।

যদি আপনি মেইলে এই ভোটারের গাইডটি পেয়ে থাকেন, কিন্তু আপনি সেই নির্ধারিত ব্যক্তি না হন, কিংবা নির্ধারিত ব্যক্তিকে যদি অপসারণ করা হয়ে থাকে কিংবা তাঁর মৃত্যু হয়ে থাকে, তাহলে নির্বাচনের বোর্ডকে জানান, যেন তাঁরা তাদের রেকর্ড সংশোধন করতে পারেন।

## নির্বাচন বোর্ড (Board of Elections) সঙ্গে যোগাযোগ করুন।

নির্বাচন বোর্ড আমাদের নির্বাচনগুলি পরিচালনা করে এবং নিবন্ধিত ভোটারদের ডেটাবেজ ব্যবস্থাপনা, ভোট দানের স্থানসমূহ পর্যবেক্ষণ করা, ব্যালটগুলি গণনা করা, এবং নির্বাচনের ফলাফলগুলি রিপোর্ট করার জন্য দায়বদ্ধ। আপনি আপনার ভোটার নিবন্ধন আপডেট করতে পারেন, অনুপস্থিত ব্যালটের আবেদন করতে পারেন, ভোট কর্মী কিংবা ভাষাগত অনুবাদকের জন্য আবেদন, নিউইয়র্ক সিটির বোর্ড অফ ইলেকশনসের সঙ্গে আরও অনেক কিছু করতে পারেন।

## ভোটার গাইড সম্পর্কে

NYC VOTES

আইন অনুযায়ী, নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফাইন্যান্স বোর্ডকে সিটি নির্বাচনের জন্য নিউ ইয়র্ক সিটিতে নিবন্ধিত ভোটার সহ প্রতিটি বাড়িতে একটি ভোটার গাইড পাঠাতে হবে। আমরা প্রতিটি নিবন্ধিত ভোটারকে ইংরেজি এবং স্প্যানিশ ভাষায় এবং আদমশুমারির তথ্যের ভিত্তিতে লক্ষ্যযুক্ত এলাকার ভোটারদের আরবি, বাংলা, চীনা, ফরাসি, হাইতিয়ান ক্রেওল, হিন্দি, কোরিয়ান, পোলিশ, পাঞ্জাবি, রাশিয়ান এবং উর্দুতে একটি গাইড পাঠাই।

এই গাইডে সেই সকল প্রার্থীকে তালিকাভুক্ত করা হয়েছে যাদেরকে প্রকাশনার সময় ব্যালটে থাকার প্রত্যাশা করেছেন। একটি আপ-টু-ডেট তালিকার জন্য, nycvotes.org/bn-এ অনলাইন গাইড দেখুন।

নিউ ইয়র্ক সিটির 2023 সালের সাধারণ নির্বাচনের ভোটার গাইড। নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফাইন্যান্স বোর্ড দ্বারা কপিরাইট © 2023। সকল অধিকার সংরক্ষিত। বেলওয়েদার এজেন্সি দ্বারা ডিজাইন করা। USA-তে তৈরি

### কাজের নিয়মিত সময়সূচী

সকাল 9:00 টা থেকে বিকাল 5:00 টা পর্যন্ত, সোমবার থেকে শুক্রবার, এবং নির্বাচনের দিনে ও নির্বাচনের দিনের আগের সপ্তাহান্তে। কাজের সময়সূচীর জন্য vote.nyc-এ গিয়ে দেখুন।

866-VOTE-NYC (TTY 212-487-5496 শ্রবণ প্রতিবন্ধীদের জন্য)

**আরও জানতে vote.nyc-এ যান।**

| | ঠিকানা | ফোন নম্বর |
|---|---|---|
| সাধারণ অফিস | 32-42 Broadway, 7th Floor<br>New York, NY 10004 | 212-487-5400 |
| ব্রঙ্কস | 1780 Grand Concourse, 5th Floor<br>Bronx, NY 10457 | 718-299-9017 |
| ব্রুকলিন | 345 Adams Street, 4th Floor<br>Brooklyn, NY 11201 | 718-797-8800 |
| ম্যানহাটন | 200 Varick Street, 10th Floor<br>New York, NY 10014 | 212-886-2100 |
| কুইন্স | 118-35 Queens Boulevard, 11th Floor<br>Forest Hills, NY 11375 | 718-730-6730 |
| স্টেটেন দ্বীপ | 1 Edgewater Plaza, 4th Floor<br>Staten Island, NY 10305 | 718-876-0079 |